# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 05, 1430 Bangla, February 18, 2024, Sunday, No. 49, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina, now in Germany, holds meetings with the head of states, govts and ministers of several countries on the sidelines of Munich Security Conference - issues of mutual and global interest were discussed. (VOA: 6, R. Today: 9, Jago FM: 12)

Foreign Minister Dr. Hasan Mahmud says, world leaders congratulated Sheikh Hasina at Munich Security Conference for being re-elected as PM - adds, PM urges WB to provide assistance into budget quickly. (Jago FM: 11)

Terming BNP as main source of extremism, AL GS Obaidul Quader says, it wants to disrupt political stability - adds, BNP's dream of stopping election has turned into a nightmare. (VOA: 5, R. Today: 9)

Local Government, Rural Development and Cooperatives Minister Md. Tajul Islam says, govt. will welcome BNP's movement if it is for public welfare. But anything destructive will be resisted. (Jago FM: 14)

Education Minister Mohibul Hasan Chowdhury requests CU VC to take action against ongoing clash between two factions of BCL in university. (VOA: 5)

Railway Minister Md. Jillul Hakim says, ticket black marketing will be stopped - adds, some people involved in ticket black marketing have been caught and legal action will be taken against them. (Jago FM: 16)

State Minister for Shipping Khalid Mahmud Chowdhury says, he did not do any pact to sell country and will not do so in future. (Jago FM: 15)

War between military and insurgents inside Myanmar now has spread on other side of Shahpari Island border in Teknaf - heavy shelling has been heard from area around Maungdu town for past two days. (BBC: 3)

BNP leader Selima Rahman says, it is AL not BNP a terrorist group - Chhatra League, Jubo League cadres are carrying out murders and disappearances all over country - adds, govt. held election by imprisoning opposition party leaders to seize power. (R. Today: 9)

It has been alleged that an expatriate BNP leader died after being beaten up by local AL activists while coming to offer Jumma prayers in Raujan of Chattogram. (R. Today: 11)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ০৫, ১৪৩০ বাংলা, ফেব্রুয়ারি ১৮, ২০২৪, রবিবার, নং- ৪৯, ৫৪তম বছর**

# শিরোনাম

জার্মানিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলনের ফাঁকে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান ও মন্ত্রীদের সাথে বৈঠক করেছেন - বৈঠকগুলোতে পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়েছে। (ভোয়া: ৬, রে. টুডে: ৯, জাগো এফ এম: ১২)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, মিউনিখ নিরাপত্তা সম্মেলন-২০২৪ এ পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় বিশ্ব নেতারা শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন - বলেন, প্রধানমন্ত্রী দ্রুত বাজেটে সহায়তা দিতে বিশ্বব্যাংকের প্রতি আহ্বান জানিয়েছেন। (জাগো এফ এম: ১১)

বিএনপিকে উগ্রবাদের প্রধান উৎস বলে উল্লেখ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি রাজনৈতিক স্থিতিশীলতা বিঘ্নিত করতে চায় - বিএনপি'র নির্বাচন বন্ধের স্বপ্ন দুঃস্বপ্নে পরিণত হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। (ভোয়া: ৫, রে. টুডে: ৯)

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বিএনপি'র আন্দোলন জনকল্যাণমূলক হলে সরকার স্বাগত জানাবে। কিন্তু ধ্বংসাত্মক কিছু হলে তা প্রতিহত করা হবে। (জাগো এফ এম: ১৪)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে চলমান সংঘর্ষের বিষয়ে ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অনুরোধ করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী । (ভোয়া: ৫)

রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম বলেছেন, টিকিট কালোবাজারি বন্ধ করা হবে। টিকিট কালোবাজারির সঙ্গে সংশ্লিষ্ট কিছু লোক ধরা পড়েছে। তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করে শাস্তির আওতায় আনা হবে। (জাগো এফ এম: ১৬)

নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, তিনি দেশ বিক্রির চুক্তি করেননি এবং সামনেও করবেন না। (জাগো এফ এম: ১৫)

টেকনাফের শাহপরী দ্বীপ সীমান্তের ওপারে এখন মিয়ানমারের অভ্যন্তরে সেনাবাহিনী ও বিদ্রোহীদের মধ্যে যুদ্ধ ছড়িয়ে পড়েছে। গত দুই দিন ধরে মংডু শহরের আশেপাশের এলাকা থেকে ভারী গোলাগুলির শব্দ শোনা যাচ্ছে। (বিবিসি: ৩)

বিএনপি নেত্রী সেলিমা রহমান বলেছেন, বিএনপি সন্ত্রাসী দল নয়, প্রকৃত পক্ষে আওয়ামী লীগই একটি সন্ত্রাসী দল। সারাদেশে খুন ও গুম করে বেড়াচ্ছে ছাত্রলীগ, যুবলীগের ক্যাডাররা। ক্ষমতা দখলের জন্য বিরোধী দলীয় নেতাদের বন্দী করে সরকার নির্বাচন করেছে বলেও মন্তব্য করেন তিনি। (রে. টুডে: ৯)

চট্টগ্রামের রাউজানে জুম্মার নামাজ পড়তে এসে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের হাতে মারধরের শিকার হয়ে এক প্রবাসী বিএনপি নেতার মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। (রে. টুডে: ১১)

# বিবিসি

## টেকনাফ সীমান্তের অন্য পাশে মিয়ানমারে যুদ্ধের যেসব তথ্য পাওয়া যাচ্ছে

কিছুদিন ধরে বাংলাদেশের নাইক্ষংছড়ি, ঘুমধুম বা তমব্রু সীমান্তের অন্যপাশে মিয়ানমারের ভেতরে যে বিদ্রোহীদের সাথে সামরিক জান্তার যে যুদ্ধ চলছিল, তা এখন টেকনাফের শাহপরীর দ্বীপের সীমান্তের অন্যপাশের এলাকায় ছড়িয়ে পড়েছে। টেকনাফ ও নাফ নদীর অন্য পাশে মংডু শহরের আশেপাশের এলাকা থেকে গত দুই দিন ধরে ভারী গোলাগুলির শব্দ পাওয়া যাচ্ছে। প্রায় দুই সপ্তাহ আগে যখন সংঘাত শুরু হয়, তখন প্রথম কয়েকদিন সারাদিন ধরেই গুলি আর বোমার আওয়াজ পাওয়া গেছে ঘুমধুম সীমান্তের বাংলাদেশ সংলগ্ন গ্রামগুলো থেকে। সেসব এলাকা মূলত বাংলাদেশের বান্দরবান, কক্সবাজার এবং ভারতের মেঘালয় রাজ্য ঘেষা এলাকা। এখন গত কয়েকদিন ধরে গুলি আর বোমার শব্দ পাওয়া যাচ্ছে নাফ নদীর কাছাকাছি অবস্থিত সীমান্তবর্তী এলাকা থেকে। শুরুর দিকের মত টানা শব্দ পাওয়া যাচ্ছে না, আওয়াজ আসছে থেমে থেমে। ফলে বাংলাদেশের অন্যতম জনপ্রিয় পর্যটন গন্তব্য সেন্টমার্টিন দ্বীপে পর্যটকদের চলাচল কমে গেছে। মংডু ও অন্যপাশে মিয়ানমার অংশে যুদ্ধ নিয়ে সর্বশেষ কী তথ্য জানা যাচ্ছে? এ মাসের শুরুর দিকে বাংলাদেশের কক্সবাজার ও বান্দরবান সীমানার সাথে লাগোয়া বেশ কয়েকটি সীমান্ত রক্ষীদের চৌকি দখলে নিয়েছিল আরাকান আর্মি-সহ সশস্ত্র বিদ্রোহী গ্রুপগুলো। ঐ ঘটনার পরই বাংলাদেশে পালিয়ে আসে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সদস্যরা।

গত কিছুদিন ধরে দখল হয়ে যাওয়া সেসব চৌকি ও অঞ্চলের নিয়ন্ত্রণ ফিরে পেতে মিয়ানমারের সামরিক জান্তার বিভিন্ন বাহিনী একযোগে রাখাইনের বিভিন্নস্থানে আরাকান আর্মির অবস্থান লক্ষ্য করে হামলা চালাচ্ছে বলে খবর প্রকাশ করেছে মিয়ানমারের বিভিন্ন সংবাদমাধ্যম। থাইল্যান্ড ভিত্তিক সংবাদমাধ্যম ইরাবতী তাদের খবরে জানিয়েছে যে, রাখাইনের রামরি শহরে বিমান, স্থল ও নৌ আক্রমণ জোরদার করেছে সামরিক জান্তা। রাখাইন রাজ্যের উত্তরাংশের রাথেডওং শহরে বিমান ও স্থল হামলার তীব্রতাও বেড়েছে। আরাকান আর্মির বরাত দিয়ে ঐ খবরে বলা হয়েছে রাথেডওং ও মংডু অঞ্চলে গত কয়েকদিন সামরিক বাহিনীর সাথে আরাকান আর্মির তীব্র যুদ্ধ হয়েছে। রাথেডওং অঞ্চলের বেশ কয়েকটি গ্রামে শুক্রবার সকালে জান্তা বাহিনীর বিমান হামলায় আগুন লেগে যায় বলে জানাচ্ছে রাখাইন অঞ্চলের খবর প্রকাশ করা ঢাকা ভিত্তিক সংবাদমাধ্যম নারিনজারা নিউজ। তবে গ্রামের বাসিন্দারা আগে থেকেই পালিয়ে যাওয়ায় ঐ হামলায় হতাহতের কোনো ঘটনা ঘটেনি। এর আগের দিন আরাকান আর্মি রাখাইনের দক্ষিণ মংডুতে একটি চেকপোস্ট দখলের উদ্দেশ্যে সেখানে হামলা চালায়। জবাবে মিয়ানমারের বিমানবাহিনী জেট ফাইটার দিয়ে বোমা হামলা চালায় সেসব অঞ্চলে। দক্ষিণ মংডু অঞ্চলের স্থানীয় বাসিন্দাদের বরাত দিয়ে এই খবর প্রকাশ করেছে নারিনজারা নিউজ।

অন্যদিকে আরাকান আর্মিও রাখাইন অঞ্চলের বিভিন্ন এলাকায় সামরিক জান্তার পোস্টে হামলা চালিয়ে সেগুলোর দখল নেয়া অব্যাহত রেখেছে বলে খবর প্রকাশ করেছে মিয়ানমার ভিত্তিক সংবাদ সংস্থা বার্মিজ নিউজ ইন্টারন্যাশনাল, বিএনআই। তাদের খবরে তারা জানাচ্ছে বৃহস্পতিবার রাখাইনের উত্তরাঞ্চলের মিয়েবন শহরের পুরোপুরি দখল নেয় আরাকান আর্মি। ঐ শহরে মিয়ানমার সেনাবাহিনীর অধীনে থাকা সবগুলো ঘাঁটি, পুলিশ স্টেশন ও অন্যান্য সেনা চৌকির সবগুলো এখন আরাকান আর্মির দখলে। তবে ঐ শহরে থাকা মিয়ানমারের জান্তা বাহিনীর সদস্য, পুলিশ, সরকারি কর্মকর্তা, কর্মকর্তাদের পরিবারের সদস্যরা ১২ই ফেব্রুয়ারি ভোররাতে পালিয়ে যায় বলে বলা হচ্ছে বিএনআই'এর খবরে। মিয়ানমারের সেনাবাহিনীর সদস্যরা রাখাইনের আরও কয়েকটি শহর থেকে অবস্থান সরিয়ে নিচ্ছে বলেও খবর প্রকাশ করছে সংবাদ মাধ্যমগুলো। সেনাবাহিনীর পাশাপাশি স্থানীয় পুলিশ, সরকারি কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্যদেরও সেসব জায়গা থেকে সরিয়ে নেয়া অব্যাহত রয়েছে বলে জানাচ্ছে সংবাদমাধ্যমগুলো।

শুক্রবার রাতে রাখাইনের টাঙ্গুপ জেলার মাএই শহর থেকে সামরিক জান্তার সেনাবাহিনী নিজেদের অবস্থান প্রত্যাহার করেছে বলে স্থানীয়দের বরাত দিয়ে খবর প্রকাশ করেছে নারিনজারা নিউজ। রাতে নিজেদের ঘাঁটি ছেড়ে চলে যাওয়ার সময় তাদের ওপর আরাকান আর্মি হামলা করে এবং সেসময় হওয়া যুদ্ধে আশেপাশের কয়েকটি গ্রামে ক্ষয়ক্ষতি হয়েছে বলে নারিনজারা নিউজ জানাচ্ছে। ঐ সময় আশেপাশের কয়েকটি গ্রামের কিছু বাসিন্দা আহত হয়েছেন বলেও স্থানীয়দের বরাত দিয়ে জানানো হচ্ছে খবরে। আরাকান আর্মির দাবির ভিত্তিতে বিএনআই জানাচ্ছে যে, এরই মধ্যে বাংলাদেশের সীমান্তবর্তী পালেতওয়া-সহ পকতও, কিয়াকতও, মিয়েবন-সহ দশটিরও বেশি শহরের পূর্ণ বা আংশিক দখল আরাকান আর্মি নিয়েছে। সেসব অঞ্চলের সেনা ঘাঁটি, পুলিশ স্টেশন ও সেনাবাহিনীর সরঞ্জাম আরাকান আর্মির দখলে রয়েছে বলে খবরে বলা হচ্ছে। নারিনজারা নিউজের খবরে বলা হচ্ছে সাতই ফেব্রুয়ারির পর থেকে এখন পর্যন্ত মিয়ানমার নৌবাহিনীর অন্তত নয়টি নৌযান দখল করেছে আরাকান আর্মি।

অন্যদিকে, বাংলাদেশের সীমান্তের নিকটবর্তী মংডু, রাথেডওং আর রামরি শহরের দখল নেয়ার জন্য আরাকান আর্মি সেসব এলাকায় সামরিক জান্তা সমর্থিত বাহিনীর ওপর হামলা জোরদার করেছে বলে ব্রাদারহুড অ্যালায়েন্সের বরাত দিয়ে খবর প্রকাশ করেছে ইরাবতী। তবে মিয়ানমারের তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে একাধিক বিবৃতিতে দাবি করা হয়েছে, বিদ্রোহীদের হাতে সামরিক বাহিনীর পর্যুদস্ত হওয়ার যেসব খবর বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশ করা হয়েছে,

তা সঠিক নয়। এরকম পরিস্থিতিতে যুদ্ধ চলতে থাকা অঞ্চলগুলোতে মানবিক বিপর্যয় তৈরি হয়েছে বলে বলছে মানবাধিকার সংস্থাগুলো। যুক্তরাষ্ট্র ভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ এক বিবৃতিতে জানিয়েছে গত ১৩ই নভেম্বর আরাকান আর্মি ও মিয়ানমারের জান্তা বাহিনীর মধ্যে নতুন করে সংঘাত শুরু হওয়ার পর থেকে রাখাইন অঞ্চলে অন্তত এক লাখ মানুষ বাস্তু চ্যুত হয়েছে। মিয়ানমারে যে জান্তা সরকার বড় ধরনের সংকটে পড়েছে, তার প্রমাণ পাওয়া যায় কয়েকদিন আগে তরুণদের সামরিক বাহিনীতে যোগ দেয়ার নির্দেশে। এখন থেকে ১৮ থেকে ৩৫ বছর বয়সী সকল পুরুষকে মিয়ানমারের সামরিক বাহিনীতে যোগ দিয়ে অন্তত দুই বছর কাজ করতে হবে। সংঘাত পূর্ণ এলাকাগুলো ছেড়ে যে স্থানীয় বাসিন্দারা পালাচ্ছেন, এদের অনেকেই বাংলাদেশের সীমান্তের কাছে বিভিন্ন স্থানে আশ্রয় নিয়েছে বলে উঠে এসেছে বিভিন্ন সংবাদমাধ্যমের খবরে।

হংকং ভিত্তিক ওয়েবসাইট বিএনএন নিউজ ব্রেকিং জানাচ্ছে বাংলাদেশের সীমান্তের কাছে নাফ নদীতে ছোট ছোট নৌকায় কয়েকদিন ধরে ভাসমান অবস্থায় রয়েছে এক হাজারেরও বেশি মানুষ। বিদ্রোহীদের সাথে জান্তা বাহিনীর যুদ্ধ চলাকালীন সময় গ্রাম ছেড়ে পালিয়ে গিয়ে নাফ নদীতে আশ্রয় নিয়েছেন বলে বলা হচ্ছে বিএনএন নিউজ ব্রেকিংয়ের খবরে। গত বছরের নভেম্বরের ১৩ তারিখে আরাকান আর্মি ও মিয়ানমারের সামরিক জান্তা বাহিনীর মধ্যে নতুন করে সহিংস যুদ্ধ শুরু হয়। মূলত রাখাইনের উত্তরাংশে এবং পার্শ্ববর্তী চিন রাজ্যের পালেতওয়া শহরে জান্তা বাহিনীর ঘাঁটি লক্ষ্য করে হামলা চালানো শুরু করে আরাকান আর্মি। এর আগে প্রায় এক বছর রাখাইন রাজ্যে সাময়িক যুদ্ধবিরতি কার্যকর ছিল। আরাকান আর্মি দাবি করছে, ১৩ই নভেম্বরের পর থেকে এখন পর্যন্ত তারা জান্তা বাহিনীর ১৭০টিরও বেশি চৌকি ও ঘাঁটি দখল করেছে। পাশাপাশি চিন রাজ্যের পালেতওয়া ছাড়া রাখাইন রাজ্যের অন্তত ছয়টি পুরোপুরি দখল করেছে বলে দাবি করছে বিদ্রোহী গোষ্ঠীটি। (বিবিসি ওয়েব পেজ:১৭.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### ড. ইউনূসের ব্যবসা প্রতিষ্ঠান দখল করে নিয়েছে সরকার

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বলেছেন, নোবেল বিজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসকে অপমান করেই ক্ষান্ত হয়নি সরকার; এখন তার ব্যবসা প্রতিষ্ঠানগুলো দখল করে নিয়েছে। শনিবার (১৭ই ফেব্রুয়ারি) জাতীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশে এ কথা বলেন সেলিমা রহমান। তিনি বলেন, "জনগণ তাদের স্বৈরশাসন দেখছে এবং কীভাবে নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের প্রতিষ্ঠান জবরদখল করা হচ্ছে তা-ও দেখছে।" "তাকে অপমান করেছে... এখন তার টেলিকম ও অন্যান্য প্রতিষ্ঠান সম্পূর্ণভাবে দখল হয়ে গেছে;" যোগ করেন সেলিমা রহমান। বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকারের স্বৈরশাসন সর্বব্যাপী। "তারা দখলদারিত্বের নতুন নজির স্থাপন করেছে;" তিনি উল্লেখ করেন। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান অভিযোগ করেন যে ক্ষমতাসীনরা ধর্ষণ ও মানবতাবিরোধী অপরাধে লিপ্ত। তিনি বলেন, "জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্ষণের ঘটনা আপনারা শুনেছেন। প্রতিদিন নারীরা কীভাবে নির্যাতিত ও হয়রানির শিকার হচ্ছেন, তা পত্র-পত্রিকায় প্রকাশিত হচ্ছে।" বাংলাদেশের মুক্তিযুদ্ধে নারীদের ত্যাগের কথা উল্লেখ করেন সেলিমা রহমান। তিনি বলেন, এদেশে এখন মায়েরা ধর্ষণ ও হয়রানির শিকার হচ্ছেন। " সর্বত্র অনিয়ম থাকার কারণে এসব অপরাধের কোনো প্রতিকার নেই;" তিনি বলেন। সেলিমা রহমান আরো অভিযোগ করেন, রাষ্ট্রযন্ত্রের রাজনীতিকরণের কারণে নির্যাতিত নারী ও নিপীড়িত মানুষ এখন জনগণের কাছ থেকেও সহযোগিতা পায় না; বিচার বিভাগের কাছ থেকেও বিচার পায় না। সেলিমা রহমান বলেন যে, নিত্যপণ্যের আকাশছোঁয়া দাম সামাল দিতে মানুষ এখন কঠিন সময় পার করছে। তিনি ব্যবসায়ী সিন্ডিকেট নিয়ন্ত্রণ করে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি কমাতে সরকারের নিষ্ক্রিয়তার সমালোচনা করেন। বর্তমান সরকারকে 'ফ্যাসিবাদী' সরকার উল্লেখ করেন সেলিমা রহমান। এই সরকারের অবসান ঘটিয়ে, একটি গণমুখী সরকার প্রতিষ্ঠার জন্য রাজপথে নামতে, জনগণের প্রতি আহবান জানান তিনি। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

### মির্জা ফখরুলকে বিশ্রামে থেকে চিকিৎসা নেয়ার পরামর্শ চিকিৎসকের

দুর্বল স্বাস্থ্য ও অসুস্থতার নানা উপসর্গ নিয়ে, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর চিকিৎসকের সঙ্গে দেখা করেছেন। চিকিৎসক তাকে বাসায় বিশ্রামে থেকে চিকিৎসা নিতে বলেছেন। শনিবার (১৭ই ফেব্রুয়ারি) তিনি বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে (বিএসএইচ) চিকিৎসকের সঙ্গে দেখা করেন। বিএনপির ভাইস চেয়ারম্যান ডা. এজেডএম জাহিদ হোসেন জানান, হাসপাতালের গ্যাস্ট্রোএন্টেরোলজি বিভাগের অধ্যাপক শামসুল আরেফিন তাকে প্রয়োজনীয় ওষুধ লিখে দিয়েছেন এবং তার গুলশানের বাসায় বিশ্রামে থেকে চিকিৎসা নিতে বলেছেন। ডা. জাহিদ হোসেন বলেন, "কারাগারে থাকা অবস্থায় বিএনপি মহাসচিব অসুস্থ ছিলেন। তার প্রায় ৬ কেজি ওজন কমেছে এবং তার শরীরে বিভিন্ন উপসর্গ দেখা দিয়েছে।"

মির্জা ফখরুল বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে গেলে অধ্যাপক শামসুল আরেফিন তার স্বাস্থ্য পরীক্ষা করেন এবং প্রয়োজনীয় ওষুধ দেন; জানান ডা. জাহিদ। তিনি বলেন, বর্তমানে মির্জা ফখরুলের শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে

এবং বাসায় থেকেই তার চিকিৎসা চলছে। ফলোআপ চিকিৎসার জন্য আগামী বৃহস্পতিবার (২২ই ফেব্রয়ারি) তাকে আবার হাসপাতালে যেতে হবে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে গ্রেপ্তার হয়ে প্রায় সাড়ে তিন মাস কারাগারে বন্দী থাকার পর ১৫ই ফেব্রয়ারি জামিনে মুক্তি পান ফখরুল ইসলাম আলমগীর ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী।

এর আগে, গত বছরের ২৮ই অক্টোবর বিএনপির সমাবেশের সময় প্রধান বিচারপতির বাসভবন ভাঙচুরের মামলায় বুধবার (১৪ই ফেব্রুয়ারি) মির্জা ফখরুল ও খসরুকে জামিন দেন ঢাকার একটি আদালত। গত ২৯ই অক্টোবর মির্জা ফখরুল, আমীর খসরু-সহ বিএনপির ৫৯ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করে পুলিশ। সমাবেশে সহিংসতার ঘটনায় মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১টি ও আমীর খসরুর বিরুদ্ধে ১০টি মামলা হয়। গত ২৯ই অক্টোবর মির্জা ফখরুলকে এবং ৩ই নভেম্বর গুলশানের বাসা থেকে আমীর খসরুকে আটক করা হয়। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

## জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৈশ্বিক অংশীদারিত্বের বিকল্প নেই : হাছান মাহমুদ

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় শক্তিশালী বৈশ্বিক অংশীদারিত্ব, সমষ্টিগত পদক্ষেপ ও উন্নয়নশীল দেশগুলোর জন্য ন্যায্য ও অন্তর্ভুক্তিমূলক পর্যাপ্ত তহবিল যোগানের কোনো বিকল্প নেই। জার্মানির মিউনিখে স্থানীয় সময় শুক্রবার (১৬ই ফেব্রয়ারি) সন্ধ্যায় বার্ষিক আন্তর্জাতিক নিরাপত্তা সম্মেলনের পার্শ্ববৈঠক হিসেবে আয়োজিত 'কারণ ও প্রভাব: জলবায়ু পরিবর্তন মোকাবেলায় দ্বিমুখী লড়াই' শীর্ষক ফোরামে এ কথা বলেন হাছান মাহমুদ। “উন্নয়নশীল দেশগুলোর জন্য তহবিলের যোগান ক্রমেই কমে আসছে। কিন্তু, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজন ও সহনশীলতা অর্জনে এ দেশগুলোর জন্য পর্যাপ্ত তহবিল নিশ্চিত করা এখন সময়ের দাবি;” যোগ করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। কার্বন নিঃসরণে অতি নগণ্য (বৈশ্বিক নিঃসরণের শূন্য দশমিক ৪৮ শতাংশ) দেশ হওয়া সত্ত্বেও, বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের সর্বোচ্চ হুমকির মুখে থাকা দেশগুলোর অন্যতম; উল্লেখ করেন হাছান মাহমুদ। তিনি বলেন, “একইসঙ্গে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশ বিশ্বের কাছে একটি অনন্য উদাহরণ হিসেবে চিহ্নিত। আর, মুজিব ক্লাইমেট প্রসপারিটি প্ল্যান এ ক্ষেত্রে একটি শীর্ষ পরিকল্পনা।” ফোরামে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী, সমুদ্রপৃষ্ঠের উচ্চতাবৃদ্ধি, উপকূলীয় এলাকায় লবণাক্ততা বৃদ্ধি, উত্তরাঞ্চলে খরা, দক্ষিণাঞ্চলে ঝড়, জলোচ্ছ্বাস, সারাদেশে বন্যার প্রকোপ মোকাবেলায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড গঠন, বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এবং জাতীয় অভিযোজন পরিকল্পনা-সহ বাংলাদেশের নীতি এবং কর্মসূচি তুলে ধরেন। ফোরামে নরওয়ের আন্তর্জাতিক উন্নয়ন মন্ত্রী অ্যান বিথ টিভিনেরিম, পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী জলিল আব্বাস জিলানী, সংযুক্ত আরব আমিরাতের জলবায়ু পরিবর্তন ও পরিবেশ মন্ত্রী মরিয়ম বিনতে মোহাম্মদ সাইদ আলমেই আলোচনায় অংশ নেন।

(ভোয়া ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ এলিনা)

## বিএনপি উগ্রবাদের উৎস, বললেন ওবায়দুল কাদের

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপিকে উগ্রবাদের প্রধান উৎস বলে উল্লেখ করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক, পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শনিবার (১৭ই ফেব্রুয়ারি) রাজধানী ঢাকার ধানমন্ডি কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে ওবায়দুল কাদের এ কথা বলেন। “বিএনপি উগ্রবাদকে লালন করছে এবং বেপরোয়া রাজনৈতিক কৌশল অবলম্বন করছে; বলেন তিনি। ওবায়দুল কাদের আরো বলেন যে, বাংলাদেশে উগ্রবাদের উৎপত্তি হয়েছে বিএনপির মাধ্যমে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে 'বেপরোয়া চালকের' সঙ্গে তুলনা করেন তিনি। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, বিএনপি রাজনৈতিক স্থিতিশীলতা বিঘ্নিত করতে চায়। আর, এটা তারা ঐতিহাসিকভাবে করে আসছে। এ প্রসঙ্গে তিনি ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মর্মান্তিক হত্যাকাণ্ডের কথা তুলে ধরেন। বিএনপির বর্তমান রাজনৈতিক কৌশল নিয়ে ওবায়দুল কাদের বলেন, সরকারের বিরুদ্ধে তাদের সমালোচনা বাস্তব ইস্যু নেই। এটা তাদের হতাশাগ্রস্ত করেছে। আর, আন্দোলনে পরাজয়ের পর, এখন একটা ভিত্তি তৈরির চেষ্টা করছে বিএনপি।

(ভোয়া ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ এলিনা)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের বিষয়ে ব্যবস্থা নিতে উপাচার্যকে অনুরোধ করেছেন শিক্ষামন্ত্রী

বাংলাদেশের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে চলমান সংঘর্ষের বিষয়ে ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অনুরোধ করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। শনিবার (১৭ই ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন তিনি। সংঘাত ও সংঘর্ষের জন্য দায়ী ব্যক্তিদের বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অনুরোধ করেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। সাম্প্রতিক সংঘর্ষ ছাড়াও, অতীতে যারা এই ধরনের সহিংসতায় জড়িত হয়েছে, তাদের বিরুদ্ধে একাডেমিক ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অনুরোধ করেন তিনি। আর, ফৌজদারি আইন অনুযায়ী স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে ব্যবস্থা গ্রহণ করতে বলেন শিক্ষামন্ত্রী। একই সঙ্গে, বিশ্ববিদ্যালয়ে অবস্থানরত অছাত্রদের হল ত্যাগ নিশ্চিতকরণে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। শিক্ষার্থীদের জন্য নিরাপদ

ক্যাম্পাস নিশ্চিত করার পরামর্শ দেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা নেয়ার জন্য উপাচার্যকে অনুরোধ করেন তিনি।
(ভোয়া ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ এলিনা)

## সতর্ক থাকুন, বাংলাদেশ যেন রাজাকারদের দেশে পরিণত না হয় : শেখ হাসিনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীনতাবিরোধী শক্তিকে আর মাথা তুলে সমৃদ্ধির অগ্রযাত্রা ব্যাহত করতে দেয়া যাবে না। শুক্রবার (১৬ই ফেব্রুয়ারি) জার্মানির মিউনিখে, হোটেল বার্গারহাউস গার্চিংয়ে প্রবাসী বাংলাদেশিদের দেয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। শেখ হাসিনা বলেন, "আমরা বাংলাদেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাচ্ছি। অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে। কেউ যেন দেশকে পিছিয়ে ঠেলে দিতে না পারে; দেশকে যেন রাজাকারদের দেশে পরিণত করতে না পারে, সেজন্য সতর্ক থাকুন।" বাংলাদেশকে একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র হিসেবে গড়ে তোলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন শেখ হাসিনা। তিনি বলেন, "যেখানে সকল বিশ্বাসের মানুষ সমান অধিকার ভোগ করবে।" বাংলাদেশকে মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িকতার চেতনায় একটি সমৃদ্ধ, উন্নত ও স্মার্ট সোনার বাংলাদেশে রূপান্তরের প্রতিশ্রুতির কথা আবারো উল্লেখ করেন শেখ হাসিনা। "আমি কখনো নিজের প্রয়োজনের কথা চিন্তা করি না। বরং চিন্তা করি দেশ ও দেশের মানুষের উন্নতির জন্য আমি কী করতে পারি; উল্লেখ করেন আওয়ামী লীগ সভানেত্রী। শেখ হাসিনা আরো বলেন, বঙ্গবন্ধুর নেতৃত্বে ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশের মানুষ মাতৃভাষা বাংলা-সহ দেশের স্বাধীনতা পেয়েছে। "আর এটা হয়েছে যেহেতু আওয়ামী লীগ জনবান্ধব দল;" যোগ করেন তিনি "আওয়ামী লীগ আমার সবচেয়ে বড় শক্তি। আমাদের দল আছে বলেই কোভিড-১৯ মহামারীর মতো বিভিন্ন দুর্যোগ মোকাবেলা করতে সক্ষম হয়েছি;" বলেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। অস্ত্র প্রতিযোগিতাকে অর্থহীন উল্লেখ করে, এই প্রতিযোগিতা বন্ধ করতে বিশ্ব নেতাদের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার (১৬ই ফেব্রয়ারি) মিউনিখ নিরাপত্তা সম্মেলনে এক প্যানেল আলোচনায় তিনি এ আহ্বান জানান। শেখ হাসিনা বলেন, অস্ত্রের পেছনে ব্যাপক হারে খরচ না করে সেই অর্থে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য তহবিলের আকার ও পরিধি আরো বাড়ানো যেতে পারে। বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মোট ছয়টি পরামর্শ তুলে ধরেন। তিনি বলেন, "অর্থহীন অস্ত্র প্রতিযোগিতা বন্ধ করতে হবে এবং এর বদলে, জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য অত্যন্ত প্রয়োজনীয় তহবিল সংগ্রহের জন্য সম্পদের সংস্থান করা দরকার।" "আমাদের মনে রাখতে হবে যে, মানবতার অস্তিত্ব যখন হুমকির মুখে পড়বে, তখন সংকীর্ণ স্বার্থ রক্ষার পথ অনুসরণ করলে তা কোনো সুফল বয়ে আনবে না;" উল্লেখ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। কোনও রাজনৈতিক ব্যক্তির নাম ব্যবহার করে যেন কোনও দায়ী ব্যক্তি নিষ্কৃতি না পায় এ বিষয়ে সচেতন থাকতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন মহিবুল হাসান চৌধুরী। শিক্ষামন্ত্রীর অনুরোধের পরিপ্রেক্ষিতে, রবিবার (১৮ ফেব্রুয়ারি) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় আইন-শৃঙ্খলা বিষয়ক সভা আহবান করতে, রেজিস্ট্রার কে এম নূর আহমদকে নির্দেশ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শিরীণ আখতার। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ এলিনা)

## মিউনিখে জেলেনস্কি-শেখ হাসিনা বৈঠক, বিভিন্ন বিষয়ে আলাচনা

মিউনিখ নিরাপত্তা সম্মেলনের ফাঁকে, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। শনিবার (১৭ই ফেব্রুয়ারি) সকালে হোটেল বাইরেশির হোফের সম্মেলনস্থলে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের সঙ্গে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৈঠকে দুই নেতা বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন। শেখ হাসিনা ও ভলোদিমির জেলেন্সকি'র বৈঠকের সময় উপস্থিত ছিলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ ও পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। এর আগে শনিবার একই স্থানে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন জার্মান অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন বিষয়ক ফেডারেল মন্ত্রী সভেঞ্জা শুলজ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে তিন দিনের সরকারি সফরে ১৫ই ফেব্রুয়ারি সন্ধ্যায় মিউনিখ পৌঁছান। আগামী ১৯ই ফেব্রুয়ারি তার ঢাকায় ফেরার কথা রয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## বিএনপির হাতেই উগ্রবাদের জন্ম, তারা রাজনীতিতে দুর্ঘটনা ঘটাতে চায়- মন্তব্য কাদেরের

বাংলাদেশে বিএনপির হাত ধরেই উগ্রবাদের জন্ম হয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এদিকে, দেশে দ্রব্যমূল্যের লাগামহীন সিন্ডিকেটের জন্য ক্ষমতাসীন দল আওয়ামী লীগকে দায়ী করেছেন বিএনপি নেতারা।

বিএনপির হাত ধরেই উগ্রবাদের জন্ম হয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। শনিবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামীলীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ মন্তব্য করেন তিনি। এসময় ওবায়দুল কাদের বলেন, রাজনীতিতে টিকে থাকার আর কোনও রসদ বিএনপির নেই।

আন্দোলনের কোনো ইস্যু না থাকায় দলটির নেতারা নিজেদের আত্মতুষ্টির জন্য নানারকম কথা বলছেন (স্বকণ্ঠে) : গাড়ির চালকের মতো রাজনীতির চালক হচ্ছে ফখরুল সাহেব। এরা বেপরোয়া রাজনীতির চালক এবং এদের এই বেপরোয়া রাজনীতি। বেপরোয়া চালক যেমন এক্সিডেন্ট ঘটায় এদেরও রাজনীতিতে এক্সিডেন্ট ঘটানোর ইতিহাস রয়েছে। এদিকে, দেশে দ্রব্যমূল্যের লাগামহীন সিন্ডিকেটের জন্য ক্ষমতাসীন দল আওয়ামী লীগকে দায়ী করেছেন বিএনপি নেতারা। শনিবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক প্রতিবাদ সভায় অংশ নিয়ে, তারা এসব কথা বলেন। এসময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বলেন (স্বকণ্ঠে) : বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমাদের আমীর খসরু মাহমুদ চৌধুরী, আমাদের মির্জা আব্বাস আমাদের যুগ্ম-মহাসচিব-সহ প্রত্যেক জেলায় জেলায় হাজার হাজার নেতৃবৃন্দকে কারাগারে বন্দি করে এই আনুষ্ঠানিকতা অর্থাৎ নতুন করে ক্ষমতা দখল করার জন্য তারা এই কাজটি করেছিলেন। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৭.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## পাহাড় ধসের দুর্যোগ থেকে রক্ষায় রাঙামাটিতে হচ্ছে সড়ক রক্ষা প্রকল্প

বাংলাদেশের রাঙ্গামাটিতে সড়ক ধস রোধে বিশেষ প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। পাহাড় ধসের মতো ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ থেকে রাঙামাটির সড়কগুলোকে রক্ষায় প্রায় সাড়ে তিনশো কোটি টাকা ব্যয়ে সড়ক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে রাঙামাটির সড়ক ও জনপথ বিভাগ। একই সাথে যেকোনো দুর্যোগময় মুহূর্তে যান চলাচল সচল রাখারও ব্যবস্থা নিশ্চিত করছেন তারা। মাছ-বাঁশ, গাছ-সহ কৃষিজ পণ্য উৎপাদনের অন্যতম প্রধান ক্ষেত্র পার্বত্য রাঙামাটি জেলা। ২০১৭ সালের ১৩ জুন পার্বত্য চট্টগ্রামের ইতিহাসে সবচেয়ে বড় পাহাড় ধসের ঘটনায় রাঙামাটিতে ৫ সেনাসদস্য-সহ ১২০জনের প্রাণহানি হয়। ২০১৮ সালের ১২ই জুন রাঙামাটির নানিয়ারচরে ফের পাহাড় ধসে আরো ১১ জনের প্রাণহানির ঘটনার পর সড়ক যোগাযোগের ক্ষেত্রে সারাদেশ থেকে প্রায় বিচ্ছিন্ন হয়ে পড়েছিল রাঙামাটি। এই ঘটনায় বাস্তবতার প্রেক্ষিতে পাহাড়ের সড়ক যোগাযোগ ব্যবস্থা আধুনিকীকরণের নতুন পরিকল্পনা গ্রহণ করেছে সরকার। যার অংশ হিসেবে পর্বতবেষ্টিত রাঙামাটির সর্বমোট ১৬৭টি স্পট নির্ধারণ করে প্রায় ৬ হাজার ৪০০ মিটার দৈর্ঘ্যরে পাইলিং-সহ রিটার্নিং ওয়াল নির্মাণ কাজ বাস্তবায়ন করে যাচ্ছে রাঙামাটির সড়ক ও জনপথ বিভাগ কর্তৃপক্ষ।

স্থানীয় বাসিন্দা ও জনপ্রতিনিধিরা বলছেন, এই উন্নয়ন কর্মযজ্ঞ দ্রুততম সময়ে বাস্তবায়িত হয়ে গেলে স্থানীয় বাসিন্দাদের জীবন মানোন্নয়নে ব্যাপক পরিবর্তন আসবে। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : দ্রুত যদি সম্পন্ন হয় এলাকার সাধারণ জনগণের উপকারে আসবে। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে) : রাঙ্গামাটি খাগড়াছড়ির যে যাতায়াত ব্যবস্থা রয়েছে এটা আরো উন্নত হবে। রাঙামাটি সড়ক ও জনপথ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী আদনান ইবনে হাসান জানিয়েছেন, পাহাড়ের বৈচিত্র্যতাকে অক্ষুণ্ণ রেখে নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতে কাজ করছে সড়ক ও জনপথ বিভাগ (স্বকণ্ঠে) : এই প্রকল্পের আওতায় আমরা প্রায় ৬৪০০ মিটার দৈর্ঘ্যের যোগাযোগ নির্মাণের কাজ নিয়ে আমরা অগ্রসর হই এবং এখন প্রায় কাজটি শেষ পর্যায়ে এবং আমরা আশা করছি ২০২৪ সালের জুন মাসের মধ্যে কাজটি শেষ করতে পারব। রাঙামাটি-চট্টগ্রাম-সহ জেলার ক্ষতিগ্রস্ত ৫টি সড়কের মধ্যে রাঙামাটির অভ্যন্তরে, রাঙামাটি-খাগড়াছড়ি সড়ক, রাঙামাটি-বান্দরবান সড়ক, বাঙ্গালহালিয়া-রাজস্থলী সড়ক ও বগাছড়ি-নানিয়ারচর-লংগদু সড়কে প্রায় ১৬৭টি স্পট নির্ধারণ করে সকল সড়কগুলোকে টেকসই করে গড়ে তোলার লক্ষ্যে কাজ করছেন তারা।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৭.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## ফ্ল্যাগশিপ এইচ-৩ রকেটের সফল উৎক্ষেপণের বিষয়টি নিশ্চিত করেছে জাপান মহাকাশ এজেন্সি

জাপানের মহাকাশ এজেন্সি তাদের নতুন ফ্ল্যাগশিপ এইচ-৩ রকেটের সফল উৎক্ষেপণের বিষয়টি নিশ্চিত করেছে। আজ শনিবার সকাল ৯টা ২২ মিনিটে দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় কাগোশিমা জেলার তানেগাশিমা মহাকাশ কেন্দ্র থেকে রকেটটি উৎক্ষেপণ করা হয়। জাপান মহাকাশ অনুসন্ধান এজেন্সি বা জাক্সার ভাষ্যানুযায়ী, যানটি তার পরিকল্পিত কক্ষপথে পৌঁছেছে। উল্লেখ্য, দ্বিতীয় পর্যায়ের ইঞ্জিনের দহন না ঘটায় ২০২৩ সালের মার্চ মাসে, প্রথম প্রচেষ্টাটি ব্যর্থতায় পর্যবসিত হওয়ার কারণে এটি হচ্ছে এইচ-৩'এর প্রথম সফল উৎক্ষেপণ। শনিবার বিকেলে এক সংবাদ সম্মেলনে, জাক্সার প্রেসিডেন্ট ইয়ামাকাওয়া হিরোশি বলেন, এরচেয়ে বেশি আনন্দের বা স্বস্তিকর মুহূর্ত আর হতে পারে না। তিনি এই প্রকল্পের সঙ্গে জড়িত সকলের প্রচেষ্টার আন্তরিক প্রশংসাও করেন। প্রকল্প ব্যবস্থাপক ওকাদা মাসাশির ভাষ্যমতে, তার মনে হচ্ছে কাঁধ থেকে একটি ভারী বোঝা যেন নেমে গেছে। তিনি বলেন, উৎক্ষেপণটি একটি সর্বোচ্চ স্কোরের দাবিদার। ওকাদা উল্লেখ করেন যে, সাফল্য ও ব্যর্থতার মধ্যকার সীমা অস্পষ্ট হলেও শনিবারের ফলাফল এই ইঙ্গিত দেয় যে উৎক্ষেপণটি সফল ছিল। তিনি বলেন, এইচ-৩ রকেট মাত্র দুবার উৎক্ষেপণ করা হয়েছে এবং সত্যিকারের চ্যালেঞ্জ এখনো আসেনি। তিনি এও বলেন যে তিনি এইচ-৩'এর উন্নয়ন চালিয়ে যাওয়ার পাশাপাশি লক্ষ্যার্জনে প্রকল্পটিকেও চালু রাখতে চান। (এনএইচকে ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ এলিনা)

# ডয়চে ভেলে

## সরকারবিরোধীরা এখন কী করবে

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিনে মুক্তির পর এখন সরকার বিরোধী আন্দোলন পুনর্গঠনের কথা হচ্ছে। বিএনপির চেয়ে তাদের যুগপৎ আন্দোলনে শরিকদের মধ্যে এই চিন্তা বেশি। জানা গেছে, সরকারের মুখোমুখি আন্দোলন নিতে হলে কী করা দরকার সেটাই বিএনপি ও তাদের সমমনাদের ভাবনার বিষয় এখন। সেটা করতে কোন কৌশলে যেতে হবে, কতটা সময় লাগবে তাও ভাবনার বিষয়। তাদের মধ্যে শুধু আন্দোলন নয়, দল এবং নেতৃত্ব পুনর্গঠনের প্রশ্নও উঠেছে। বিএনপির যুগ্ম মহাসচিব ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন বলেছেন, " মুক্তি পাওয়ার পর মহাসচিব এখন কিছুটা অসুস্থ আছেন। আশা করছি চার-পাঁচ দিনের মধ্যে দলের শীর্ষ নেতাদের সঙ্গে তিনি পরবর্তী আন্দোলন নিয়ে বৈঠক করবেন।" আর যুগপৎ আন্দোলনের শরিকরাও তাদের সঙ্গে বৈঠকের আশা করছেন। ৭ই জানুয়ারির নির্বাচনের পর বিএনপি ও তাদের সমমনারা আলাদা আলাদাভাবে কর্মসূচি পালন করছে। তবে ওইসব কর্মসূচি গতানুগতিক। বিএনপির এক নেতা বলেন," এখন ঝড়ের পরের নীরবতা চলছে। আমরা তো প্রচণ্ড চাপের মধ্য দিয়ে গিয়েছি। তাই এখন একটু দম নিচ্ছি। আন্দোলন অবশ্যই পুনর্গঠন হবে।"

বিএনপি গত ১৩ই ফেব্রুয়ারি থেকে "দেশ বাঁচাও, মানুষ বাঁচাও" নামে একটি কর্মসূচি শুরু করেছে। ১৯ই ফেব্রুয়ারি এই কর্মসূচি শেষ হবে। এই কর্মসূচিতে তারা ঢাকাসহ সারাদেশে লিফলেট বিতরণ করছে। ছয় দলীয় জোট গণতন্ত্র মঞ্চ ১৬ই ফেব্রুয়ারি " ব্যাংক লোপাট" ও "অর্থ পাচারের" প্রতিবাদে সমাবেশ ও বিক্ষোভ করেছে। গত ২০ই জানুয়ারি থেকে তারা "প্রহসনের নির্বাচন মানি না, গণতন্ত্রের পক্ষে গণস্বাক্ষর" শিরোনামে গণস্বাক্ষর কর্মসূচি পালন করছে। ১২-দলীয় জোট, লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি, এবি পার্টি, গণঅধিকার পরিষদ-সহ অন্যান্য দলও পৃথকভাবে সরকারের 'প্রহসনের' নির্বাচনের বিরুদ্ধে নানা কর্মসূচি পালন করছে। তবে এই সব কর্মসূচি আসলে রুটিন কর্মসূচি। নির্বাচনের পর আর যুগপৎ কর্মসূচি হয়নি। তাদের মধ্যে এক ধরনের সমন্বয়হীনতা দেখা দিয়েছে।

বিএনপির কয়েকজন নেতার সঙ্গে কথা বলে জানা গেছে, তাদের মধ্যে আন্দোলনের দুইটি ধারায় মতামত আছে। একটি ধারা চাইছে এখন এইভাবেই সাধারণ কর্মসূচি দিয়ে সময়ের জন্য অপেক্ষা করা। কারণ বিএনপির অনেক নেতা-কর্মী এখনো কারাগারে আছে। তারা মুক্তি পাওয়া পর্যন্ত অপেক্ষা করা। তার আগে আবার বড় আন্দোলনে গেলে আবার গ্রেপ্তার অভিযান শুরু হবে। আরো অনেক নেতা-কর্মীকে জেলে যেতে হবে। আরেকটি ধারা চাইছে জামায়াতকে সঙ্গে নিয়ে আবার একটি ডেটলাইন দিয়ে অল-আউট কর্মসূচিতে যেতে। তবে বিএনপি কোন ধারায় যাবে তা স্পষ্ট হতে আরো সপ্তাহ দুই সময় লাগবে। মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাজনৈতিক কর্মসূচিতে অংশ নেয়া শুরু করলে অনেক কিছুই বোঝা যাবে। যুগপৎ আন্দোলনের শরিক ন্যাশনাল পিপলস পার্টির চেয়ারম্যান ফরিদুজ্জামান ফরহাদ বলেন," আমরা যেভাবে আন্দোলন করেছি, সেটা তো ফেল হয়েছে। আমরা টার্গেটে যেতে পারিনি। আর সরকার নির্বাচন করেছে; কিন্তু সেই নির্বাচনে তো শতকরা পাঁচ ভাগ ভোটারও ভোট দেয়নি। আওয়ামী লীগের লোকজনও ভোট দেয়নি। সেই বিবেচনায় আন্দোলন সফল।" তিনি বলেন, " কিন্ত আন্দোলনের ব্যর্থতার কারণ। নেতৃত্বের দুর্বলতা এগুলো নিয়ে মূল্যায়নের দরকার আছে। আমাদের মধ্যে কিছু আলোচনা হয়েছে। আরো হবে। এখানে মূল দলতো বিএনপি। নির্বাচনের আগে বিএনপিন-সহ আমাদের বিভিন্ন দলের ২০ হাজার নেতা-কর্মীকে কারাগরে পাঠানো হয়েছে। ফলে আন্দোলন এগিয়ে নেয়া কঠিন ছিল। আমরা তো নির্বাচন প্রতিহত করার কথা বলিনি, বর্জনের কথা বলেছি। দেশের মানুষ নির্বাচন বর্জন করেছে।" তিনি বলেন," আন্দোলনকে এখন নতুন করে সাজাতে হবে। সেটা নিয়েই কাজ করছি আমরা। আমরা দ্রব্যমূল্যসহ সাধারণ মানুষের ইস্যু নিয়ে আন্দোলন গড়ে তুলব।"

নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন," নেতৃত্বের তো সংকট আছে। সেটা ওনারাও বুঝতে পারছেন। আমরাও বলছি। কিন্তু সেটা আমার দিক থেকে ঠিক করা কঠিন। সেটা কীভাবে ব্যালেন্স করা হবে। এটা এটা সার্বিক বিষয়। সেটা করা হয়ত কঠিন। তবে আন্দোলটা পুনর্গঠন করা দরকার । আমাদের মধ্যে এটা নিয়ে আলাপ-আলোচনা চলছে। তবে চূড়ান্ত হতে সময় লাগবে।" তিনি মনে করেন," আন্দোলনের প্রেক্ষাপট, পরিস্থিতি একই আছে। ফলে আমাদের আন্দোলনটা জারি আছে। সরকার সফল হয়নি। নির্বাচন করা সফলতা নয়। তবে আমরা যেটা পারিনি সেটা কেন পারিনি দেখা দরকার। আমাদের ঘাটতির জায়গাগুলো বের করা দরকার। এখন আমরা যে যার মতো কর্মসূচি পালন করছি। কিন্তু আমাদের তো আবার সরকারের মুখোমুখি যেতে হবে। সেই জায়গায় আন্দোলনের পুনর্গঠন করা দরকার।" বিএনপিও মনে করে, তাদের আন্দোলন এবং নেতৃত্ব সব কিছুই রিভিউ করা দরকার। দেখা দরকার কোথায় দুর্বলতা আছে। আন্দোলনের জন্য সব কিছু প্রস্তুত থাকার পর কেন সফলতা আসলো না সেটা দেখা দরকার। বিএনপির যুগ্ম মহাসচিব ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন বলেন," জনগণ তো তৈরি আছে। আন্দোলনের কৌশল হিসেবে কর্মসূচির পরিবর্তনের প্রয়োজন হয়। আমরা সেটাই করছি। আমরা আমাদের যুগপৎ আন্দোলনের শরিকদের সঙ্গে নিয়মিত কথা বলছি। যোগাযোগ হচ্ছে। আন্দোলন তো চলছে এবং আরো নতুন রূপে আসবে।" এক প্রশ্নের জবাবে তিনি বলেন," সরকারের সঙ্গে কোনো সমঝোতা নয়, মির্জা ফখরুল ইসলাম আলমগীর, আমির খসরু মাহমুদ চৌধুরী

এমনিতেই ছাড়া পেয়েছেন। সরকার মিথ্যা মামলায় কতদিন কারাগারে রাখবে? আরো যারা নেতা-কর্মী কারাগারে আছেন তারাও ছাড়া পেয়ে যাবেন।" তিনি বলেন ," মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাহেব মুক্তি পাওয়ার পর আমাদের সঙ্গে তার নিয়মিত কথা হচ্ছে। তার শরীর এখনো কিছুটা খারাপ। আশা করছি চার-পাঁচ দিনের মধ্যে তিনি শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠক করবেন। শরিকদের সঙ্গেও বসবেন।" জানা গেছে আন্দোলন পুনর্গঠন নিয়ে বিএনপি নেতাদের সঙ্গে শরিকদের ১৩ই ফেব্রুয়ারি একটি বৈঠক হয়েছে। ওই বৈঠক মুলতবি করা হয়েছে। আবারো মুলতবি বৈঠক হবে। ওই দিনের বৈঠকে শুধু আন্দোলন পুনর্গঠন নয়, যার দল ও নেতৃত্ব পুনর্গঠনের বিষয়ও উঠে এসেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৭.০২.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী ও ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জার্মানিতে মিউনিখ নিরাপত্তা সম্মেলনের ফাঁকে নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মার্ক রুট ও ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয় শঙ্করের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার সকালে দুই দেশের নেতাদের সঙ্গে বৈঠক করেন তিনি। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুক্রবার কাতার ও ডেনমার্কের প্রধানমন্ত্রী সঙ্গে বৈঠক করেন। নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে উভয় নেতা বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তারা পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়েও আলোচনা করেন। অন্যদিকে এস জয়শঙ্করের সঙ্গে বৈঠকে পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন দুই নেতা।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০২.২০২৪ আসাদ)

### বিএনপি নয়, প্রকৃতপক্ষে আওয়ামী লীগই একটি সন্ত্রাসী দল : সেলিমা রহমান

আজ থেকে সরকারের কাছে বিএনপি আর কোনও দাবি করবে না বলে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটি সদস্য সেলিমার রহমান। তিনি বলেন জনগণ আমাদের সঙ্গে আছে, এখন থেকে আমরা লড়াই করে খালেদা জিয়া-সহ সব রাজবন্দীদের মুক্ত করব। শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে এক বিক্ষোভ সমাবেশে এসব কথা বলেন সেলিমা রহমান। এ সময় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের উদ্দেশ্যে বিএনপির এই নেত্রী বলেন বিএনপি সন্ত্রাসী দল নয়, প্রকৃত পক্ষে আওয়ামী লীগই একটি সন্ত্রাসী দল। সারাদেশে খুন ও গুম করে বেড়াচ্ছে ছাত্রলীগ যুবলীগের ক্যাডাররা। এছাড়া ক্ষমতা দখলের জন্য বিরোধী দলীয় নেতাদের বন্দী করে সরকার নির্বাচন করেছে বলেও মন্তব্য করেন তিনি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০২.২০২৪ আসাদ)

### সেন্টমার্টিনগামী পর্যটকবাহী দুটি জাহাজকে এক লাখ ত্রিশ হাজার টাকা জরিমানা

কক্সবাজারের উখিয়া উপজেলার ইনানী জেটিঘাট হয়ে সেন্ট মার্টিনগামী পর্যটকবাহী দুটি জাহাজকে ১ লাখ ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত। ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী পরিবহনের কারণে এই জরিমানা করা হয়। এ সময় বার আউলিয়া নামের জাহাজকে এক লাখ টাকা এবং কর্ণফুলী জাহাজকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। শনিবার সকালে উখিয়া উপজেলার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সালেহ আহমেদ এই অভিযান পরিচালনা করেন। সালেহ আহমেদ জানান ১২ আউলিয়া জাহাজের ধারণ ক্ষমতার অতিরিক্ত আড়াইশো যাত্রী এবং কর্ণফুলী জাহাজে অতিরিক্ত ১০০ যাত্রী ছিল। একইসঙ্গে বার আউলিয়া জাহাজের কর্তৃপক্ষের বিরুদ্ধে পর্যটকদের হয়রানি ও নাজেহালের অভিযোগও ছিল। ফলে ওই জাহাজ কর্তৃপক্ষকে জরিমানা করার পাশাপাশি সতর্ক করা হয়েছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৭.০২.২০২৪ আসাদ)

### স্বাধীনতাবিরোধী শক্তিকে আর মাথা তুলে সমৃদ্ধির অগ্রযাত্রা ব্যাহত করতে দেয়া যাবে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, স্বাধীনতাবিরোধী শক্তিকে আর মাথা তুলে সমৃদ্ধির অগ্রযাত্রা ব্যাহত করতে দেয়া যাবে না। তিনি বলেন, আমরা বাংলাদেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাচ্ছি। এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে। কেউ যেন দেশকে পিছিয়ে ঠেলে রাজাকারদের দেশে পরিণত করতে না পারে সেজন্য সতর্ক থাকুন। স্থানীয় সময় শুক্রবার জার্মানির মিউনিখে হোটেল বার্গার হাউস গার্ডচিং এ প্রবাসী বাংলাদেশিদের দেওয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, এবার ক্ষমতায় আসতে না পারলে ১৫ বছরের অর্জন লুট হয়ে যেত। বাংলাদেশের জনগণের ভাগ্য নিয়ে কেউ যাতে ষড়যন্ত্র করতে না পারে সেজন্য সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান শেখ হাসিনা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

### বিএনপি'র নির্বাচন বন্ধের স্বপ্ন দুঃস্বপ্নে পরিণত হয়েছে: ওবায়দুল কাদের

বিএনপি'র নির্বাচন বন্ধের স্বপ্ন দুঃস্বপ্নে পরিণত হয়েছে বলে মন্তব্য করেন সড়ক, পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। শনিবার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। বিএনপি'র কথার ফুলঝুরি অনেক শুনেছেন উল্লেখ করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন তারা একই কথা বারবার বলে জনগণের কাছে নিজেদের খাটো করছে। জনগণের সাথে

কোনও সম্পৃক্ততা নেই দলটির। বারবার আন্দোলনের ডাক দিয়ে ব্যর্থ হয়েছে বিএনপি। ওবায়দুল কাদের আরো বলেন মানুষ জেনেশুনে শেখ হাসিনাকে ভোট দিয়েছে। দেশের উন্নয়ন ও মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষা করাই আওয়ামী লীগ সরকারের লক্ষ্য। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

**মেট্রোরেলে যাতায়াতের সময় ১০ মিনিট থেকে কমিয়ে ৮ মিনিট নির্ধারণ করা হয়েছে**

যাত্রীদের চাহিদার কথা বিবেচনায় পিক আওয়ারে মেট্রোরেলে যাতায়াতের সময় ১০ মিনিট থেকে কমিয়ে ৮ মিনিট নির্ধারণ করা হয়েছে। যা শনিবার সকাল থেকে কার্যকর করা হয়েছে। ঢাকা ম্যাস ট্রান্সজিট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এম এন সিদ্দিক জানিয়েছেন উত্তরা-উত্তর থেকে মতিঝিল পর্যন্ত পিক আওয়ারে নির্ধারণ করা হয়েছে সকাল ৭:৩১ মিনিট থেকে সকাল ১১:৪৮ মিনিট পর্যন্ত। আর মতিঝিল থেকে পিক আওয়ার ধরা হয়েছে সকাল ৮:০১ মিনিট থেকে দুপুর ১২:০৮ মিনিট পর্যন্ত। এ সময় মেট্রো রেল চলাচলের মধ্যবর্তী সময় ১০ মিনিট থেকে কমিয়ে ৮ মিনিট করা হয়েছে। তবে উত্তরা উত্তর থেকে সকাল ১১:৪৯ মিনিট থেকে বিকেল ০৩:১২ মিনিট পর্যন্ত অফ পিক আওয়ার ধরা হয়েছে। আর মতিঝিল থেকে দুপুর ১২:০৯ মিনিট থেকে বিকেল ০৩:৫২ মিনিট পর্যন্ত অফ পিক আওয়ার ধরা হয়েছে। এ সময় ১২ মিনিট পর পর আগের মতই মেট্রোরেল চলবে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

**গ্যাসের সব গ্রাহক আগামী চার বছরের মধ্যে প্রিপেইড মিটারের আওতায় চলে আসবে: নসরুল হামিদ**

দেশের সব গ্যাসের গ্রাহক আগামী চার বছরের মধ্যে প্রিপেইড মিটারের আওতায় চলে আসবে বলে জানিয়েছেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। শনিবার সকালে সিলেটের জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেডের প্রিপেইড প্রকল্পের ডাটা সেন্টার উদ্বোধন অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। প্রতিমন্ত্রী আরো বলেন আমরা চাই যত দ্রুত সম্ভব প্রিপেইড মিটার স্থাপন শেষ করতে। অনেকদিন ধরেই চাপ দিয়ে যাচ্ছি বিতরণ কোম্পানিগুলকে। এখন বিশ্বব্যাংক, এডিবি-সহ অনেকে অর্থায়ন করতে চায়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের উপগ্রুপগুলোর মধ্যে লাগাতার সংঘর্ষের ঘটনায় ক্ষুব্ধ শিক্ষামন্ত্রী**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগের উপগ্রুপগুলোর মধ্যে লাগাতার সংঘর্ষের ঘটনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। একইসঙ্গে তিনি এসব সংঘর্ষের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে উপাচার্য অধ্যাপক ডাক্তার শিরিন আক্তারকে নির্দেশনা দিয়েছেন। শনিবার মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়েছে। এছাড়া বিবৃতিতে অছাত্রদের বিশ্ববিদ্যালয় হলত্যাগ নিশ্চিত করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

**তেজগাঁওয়ে রেল লাইনের উপর ক্রেন পড়ে সারাদেশের সাথে রেল যোগাযোগ আধাঘণ্টা ব্যাহত**

রাজধানীর তেজগাঁওয়ে আজ শনিবার ঢাকা এলিভেটেড এক্সপ্রেস ওয়ে থেকে রেল লাইনের উপর ক্রেন পড়ে যাওয়ায় ঢাকার সঙ্গে দেশের অন্যান্য স্থানের ট্রেন যোগাযোগ আধাঘণ্টার জন্য বন্ধ ছিল। তবে এতে কোনও হতাহতের ঘটনা ঘটেনি। বিমানবন্দর রেলওয়ে পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপ-পরিদর্শ সুনীল বলেন ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের কাজে ব্যবহৃত ক্রেনটি সকাল সাতটার দিকে মগবাজার তেজগাঁও রেল লাইনের উপর পড়ে গেলে ঢাকার সঙ্গে দেশের অন্যান্য স্থানের ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। তিনি বলেন তবে রেললাইন থেকে ক্রেন সরানো হলে আধাঘণ্টা পর ফের ট্রেন চলাচল শুরু হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

**মগবাজারে ট্রেনের ধাক্কায় এক নারী ও টাঙ্গাইলে বাস চাপায় মা ও ছেলের মৃত্যু হয়েছে**

রাজধানীর মগবাজারে ট্রেনের ধাক্কায় একজন নারীর মৃত্যু হয়েছে। শনিবার সকালে এ ঘটনা ঘটে। আনুমানিক ৪০ বছর বয়সী ওই নারীর পরিচয় তাৎক্ষণিকভাবে পুলিশ জানাতে পারেনি। এছাড়াও টাঙ্গাইলের গোপালপুরে বাস চাপায় মোটরসাইকেল আরোহী মা ও ছেলে নিহত হয়েছেন। শনিবার সকাল সাড়ে সাতটার দিকে উপজেলার ঝাওয়াইল এলাকায় এই ঘটনা ঘটে। গোপালপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এমদাদুল ইসলাম তৈয়ব ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

**নদীতে মাছ ধরার সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে এক যুবক আহত হয়েছেন**

নদীতে মাছ ধরার সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাহিনীর গুলিতে এক যুবক আহত হয়েছেন। তাকে উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার ভোরে ভারতীয় সীমান্তবর্তী এলাকার ভোলাহাট থানার পলম্বাডাঙ্গা এলাকায় এই ঘটনা ঘটে। আহত যুবকের নাম জাহাঙ্গীর আলম। তিনি চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট থানার কলোনি পাড়ার বাসিন্দা। ভোলাহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুমন কুমার বিষয়টি সংবাদ মাধ্যমকে নিশ্চিত করেছেন। (ড়েডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

## আওয়ামী লীগ নেতাকর্মীদের হাতে মারধরের শিকার হয়ে প্রবাসী বিএনপি নেতার মৃত্যু

চট্টগ্রামের রাউজানে জুম্মার নামাজ পড়তে এসে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের হাতে মারধরের শিকার হয়ে এক প্রবাসী বিএনপি নেতার মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। শুক্রবার জুম্মার নামাজের পর রাউজান পৌরসভার সাত নম্বর ওয়ার্ডের ঢেউয়া হাজীপাড়া এলাকায় এই ঘটনা ঘটে। নিহত ওই বিএনপি নেতার নাম মোঃ মুসা। তিনি ওমান ওয়াইজা শাখা বিএনপি'র সহ-সভাপতি ছিলেন। চারদলীয় জোট সরকার ক্ষমতা ছাড়ার পর তিনি মধ্যপ্রাচ্যের দেশ ওমানে চলে যান। এরপর থেকে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের ভয়ে তিনি আর এলাকায় আসেননি। রাউজান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহেদ হোসেন সংবাদ মাধ্যমকে বলেন নিহত ব্যক্তির লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। পরিবারের পক্ষ থেকে মামলা করলে আসামিদের সনাক্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

## আগামীকাল রোববার থেকে তাপমাত্রা আবারও বাড়তে পারে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর

আবহাওয়া অফিস বলছে, আগামীকাল রোববার সকাল থেকে তাপমাত্রা আবারো বাড়তে পারে। মঙ্গলবার সকাল নটা পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির প্রবণতা অব্যাহত থাকতে পারে। শনিবার সকালে আবহাওয়াবিদ মোঃ বজলুর রশিদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এ সময় পর্যন্ত সারা দেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশ-সহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে। তবে বর্ধিত পাঁচ দিনের আবহাওয়ার অবস্থায় বলা হয়েছে বৃষ্টি অথবা বজ্র-সহ বৃষ্টি হতে পারে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৭.০২.২০২৪ রুবাইয়া)

# জাগো এফএম

## নিরাপত্তা সম্মেলনে প্রধানমন্ত্রীকে বিশ্ব নেতাদের অভিনন্দন

মিউনিখ নিরাপত্তা সম্মেলন, এমএসসি ২০২৪-এ পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় বিশ্ব নেতারা শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। এমএসসি ২০২৪-এর প্রথম দিনে প্রধানমন্ত্রীর কর্মব্যস্ততা সম্পর্কে ব্রিফিংকালে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানান, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতি বিশ্ব নেতাদের মধ্যে আকর্ষণ সৃষ্টি করেছে। তারা তাকে অভিনন্দন জানিয়েছেন। ড. হাছান বলেন, এমএসসিতে সাতটি দ্বিপাক্ষিক বৈঠক এবং একটি প্যানেল আলোচনায় অংশ নেওয়ায় প্রধানমন্ত্রী একটি ব্যস্ত দিন কাটিয়েছেন। ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন এবং কাতারের প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী আবদুল রহমান আল-থানির সঙ্গে বৈঠকে শেখ হাসিনা ফিলিস্তিন ও রোহিঙ্গা সমস্যার পাশাপাশি দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়েও আলোচনা করেন। প্রধানমন্ত্রী বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ডব্লিউএইচও-এর মহাপরিচালক, ডিজি তেদ্রস আধানম গেব্রেয়াসুসের সঙ্গেও বৈঠক করেন।' বৈঠকে ডব্লিউএইচও-এর ডিজি আঞ্চলিক পরিচালক নির্বাচিত হওয়ায় সায়মা ওয়াজেদকে শুভেচ্ছা জানিয়ে বলেন, 'সায়মা ওয়াজেদ অত্যন্ত উৎসাহের সঙ্গে কাজ করছেন।' শেখ হাসিনা এমএসসিতে 'ফ্রম পকেট টু প্ল্যানেট, স্কেলিং আপ ক্লাইমেট ফাইন্যান্স' শীর্ষক প্যানেল আলোচনায় অংশ নেন। তিনি মেটা গ্লোবাল অ্যাফেইটস-এর প্রেসিডেন্ট এবং যুক্তরাজ্যের উপ-প্রধানমন্ত্রী স্যার নিক ক্লেগ এবং বিশ্ব ব্যাংকের ডেভেলপমেন্ট পলিসি এ্যান্ড পার্টনারশিপের সিনিয়র ম্যানেজিং ডিরেক্টর অ্যাক্সেল ভ্যান ট্রটসেনবার্গের সঙ্গেও বৈঠক করেন। বিশ্বব্যাংক চলমান ৫৬টি প্রকল্পে ১৬ বিলিয়ন ডলার এবং ৫০৯ মিলিয়ন ডলার বাজেট সহায়তার প্রতিশ্রুতি ছাড়াও সম্প্রতি রোহিঙ্গা ও দরিদ্র মানুষের জন্য ৭০০ মিলিয়ন প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্রুত বাজেটে সহায়তা দিতে বিশ্বব্যাংকের প্রতি আহ্বান জানিয়েছেন। বাংলাদেশে বিভিন্ন প্রকল্পে অর্থায়নের জন্য বিশ্বব্যাংককে ধন্যবাদও জানান প্রধানমন্ত্রী।' উইমেন পলিটিক্যাল লিডার্স প্রেসিডেন্ট সিলভানা কোচ-মেহরিন বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ ও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাসুদ বিন মোমেন উপস্থিত ছিলেন সেখানে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## কেউ যেন দেশকে পেছনের দিকে ঠেলে দিতে না পারে : প্রধানমন্ত্রী

স্বাধীনতা বিরোধীরা যাতে দেশকে পেছনের দিকে ঠেলে দিতে না পারে সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার, ১৬ই ফেব্রুয়ারি রাতে জার্মান প্রবাসীরা প্রধানমন্ত্রীর জন্য এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাচ্ছি। অবশ্যই এই অগ্রগতি অব্যাহত থাকবে। দেশকে কেউ যেন পেছনের দিকে ঠেলে দিতে ও রাজাকারের দেশে পরিণত করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। মুক্তিযুদ্ধের অসাম্প্রদায়িক চেতনায় বাংলাদেশকে একটি সমৃদ্ধ, উন্নত ও স্মার্ট সোনার বাংলাদেশে রূপান্তরিত করা হয়েছে। মুক্তিযুদ্ধের ফল সবার দোরগোড়ায় পৌঁছে দিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।' প্রধানমন্ত্রী বলেন, 'আমি কখনই ভাবি না আমার কী দরকার বরং আমি ভাবি যে আমি দেশ এবং এর জনগণের উন্নতির জন্য কী করতে পারি। আওয়ামী লীগ আমার সবচেয়ে বড় শক্তি। দল ক্ষমতায় থাকায় আমরা কোভিড-১৯ মহামারীর মতো বিভিন্ন দুর্যোগ মোকাবেলা করতে পেরেছি।' শেখ হাসিনা বলেন, 'যখনই সুযোগ পাই জনগণের কল্যাণে কাজ করি। আওয়ামী লীগের প্রতি জনগণের আস্থা ও বিশ্বাস রয়েছে। কারণ তারা প্রয়োজনে দলকে সবসময় পাশে পায়। আমাদের

উন্নয়ন লক্ষ্য শুধু মেগা প্রতিষ্ঠান গড়ে তোলা নয়, তৃণমূলেও অগ্রগতি করা।' বিএনপিকে লুটেরাদের দল আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'এই দল জনগণের কল্যাণে কিছুই করে না; বরং নিজেদের ভাগ্য গড়ে তোলে। তারা গাড়িতে অগ্নিসংযোগ ও মানুষকে পুড়িয়ে মারার কারণে পরাজয়ের ভয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেয়নি। তারা নির্বাচনে অংশ নেয়নি কারণ তারা জানে যে জনগণ তাদের ভোট দেবে না।' প্রধানমন্ত্রী বলেন, '১৯৭৫ সালের পর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ছিল সবচেয়ে অবাধ, সুষ্ঠু ও সবচেয়ে বিশ্বাসযোগ্য। গত সংসদ নির্বাচনে দেশের মানুষ বিশেষ করে নারীরা অবাধে ভোট দিয়েছে। এবার ভোট দিয়ে ক্ষমতায় না বসালে ২০০৯ সাল থেকে গত ১৫ বছরে আওয়ামী লীগ শাসনামলে যে ব্যাপক উন্নয়ন হয়েছে তা নষ্ট হয়ে যেত। বিএনপি সব লুট করে নিতো।' শেখ হাসিনা ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স পাঠানোর জন্য প্রবাসী বাংলাদেশিদের প্রতি আহ্বান জানান। এছাড়াও প্রবাসী বাংলাদেশিদের বিদেশি অংশীদারদের সঙ্গে অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, তার সরকার বিদেশে দক্ষ জনশক্তি পাঠানোকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ এবং মিউনিখের স্থানীয় মেয়র অনুষ্ঠানে বক্তব্য রাখেন। জার্মানিতে বাংলাদেশের রাষ্ট্রদূত মোশাররফ হোসেন ভূঁইয়া অনুষ্ঠান সঞ্চালনা করেন । (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলনে নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মার্ক রুটের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। শনিবার সকালে কনফারেন্স ভেন্যু হোটেল বেইরিশার হফ-এ বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে উভয় নেতা বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তারা পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন। এর আগে প্রধানমন্ত্রী শুক্রবার, ১৬ ফেব্রুয়ারি কাতার ও ডেনমার্কের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন। এর আগে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলন ২০২৪-এ যোগ দিতে তিন দিনের এক সরকারি সফরে ১৫ই ফেব্রুয়ারি সন্ধ্যায় মিউনিখে পৌঁছান। সফর শেষে শেখ হাসিনা রোববার রাতে মিউনিখ ত্যাগ করবেন। ১৯ই ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীর ঢাকায় পৌঁছার কথা রয়েছে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শংকরের সাক্ষাৎ

মিউনিখ নিরাপত্তা সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। শনিবার সকালে কনফারেন্স ভেন্যু হোটেল বেইরিশার হফ-এ বৈঠকটি হয়। বৈঠকে তারা পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন। পরে একই স্থানে যুক্তরাজ্যের পররাষ্ট্র, কমনওয়েলথ ও উন্নয়ন বিষয়ক সেক্রেটারি লর্ড ক্যামেরন বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এসময় অন্যদের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাসুদ বিন মোমেন উপস্থিত ছিলেন। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলন ২০২৪-এ যোগ দিতে তিন দিনের সরকারি সফরে ১৫ই ফেব্রুয়ারি সন্ধ্যায় মিউনিখে পৌঁছান। সফর শেষে শেখ হাসিনা রোববার রাতে মিউনিখ ত্যাগ করবেন। ১৯ই ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীর ঢাকা পৌঁছার কথা রয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## শেখ হাসিনার সঙ্গে জেলেনস্কির বৈঠক

জার্মানির মিউনিখ সিকিউরিটি কনফারেন্সের সাইড লাইনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। বৈঠকে উভয় নেতা পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। মিউনিখের স্থানীয় সময় শনিবার, ১৭ই ফেব্রুয়ারি সকালে কনফারেন্সের ভেন্যু হোটেল বেইরিশার হফ-এ বৈঠকটি অনুষ্ঠিত হয়। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মাসুদ বিন মোমেন বৈঠকে উপস্থিত ছিলেন। জেলেনস্কির সঙ্গে বৈঠকের আগে একই স্থানে শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন জার্মানির অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন বিষয়ক ফেডারেল মন্ত্রী। এর আগে সকালে সম্মেলনস্থলে নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মার্ক রুটের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন বাংলাদেশের সরকারপ্রধান। একই দিন একই হোটেলে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। এ বৈঠকেও পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়। পরে সেখানে যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী, কমনওয়েলথ ও উন্নয়ন বিষয়ক সেক্রেটারি লর্ড ক্যামেরন প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। মিউনিখ নিরাপত্তা সম্মেলন-২০২৪ এ যোগ দিতে তিনদিনের সরকারি সফরে ১৫ই ফেব্রুয়ারি সন্ধ্যায় মিউনিখে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সম্মেলনের সভাপতির আমন্ত্রণে সেখানে যান তিনি। সংলাপের মাধ্যমে বিশ্বশান্তির মূলমন্ত্র নিয়ে ১৯৬৩ সাল থেকে মিউনিখ শহরে অনুষ্ঠিত হয়ে আসছে আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক বার্ষিক সভা মিউনিখ কনফারেন্স। ১৬ থেকে ১৮ই ফেব্রুয়ারি মিউনিখ সিকিউরিটি কনফারেন্সের ৬০তম সভা অনুষ্ঠিত হচ্ছে। জেলেনস্কির সঙ্গে শেখ হাসিনার বৈঠক প্রসঙ্গে সম্প্রতি পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছিলেন, 'আমাদের অবস্থান সবসময় পরিষ্কার। আমরা সবসময় যুদ্ধের বিরুদ্ধে। আমরা চাই পৃথিবীতে শান্তি এবং স্থিতি বিরাজ করুক। প্রেসিডেন্ট জেলেনস্কি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকের জন্য সময় চেয়েছেন। সেজন্য

প্রধানমন্ত্রী তাকে সময় দিয়েছেন। সেখানে যুদ্ধ বন্ধের আলোচনাই হবে।' জেলেনস্কির সঙ্গে শেখ হাসিনার বৈঠকের ফলে রাশিয়ার সঙ্গে বাংলাদেশের কোনো দূরত্ব তৈরি হবে না বলেও জানিয়েছিলেন তিনি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তহবিল জোগানের বিকল্প নেই : পররাষ্ট্রমন্ত্রী

জলবায়ু পরিবর্তন মোকাবিলায় শক্তিশালী বৈশ্বিক অংশীদারত্ব, সমষ্টিগত পদক্ষেপ ও উন্নয়নশীল দেশগুলোর জন্য ন্যায্য ও অন্তর্ভুক্তিমূলক পর্যাপ্ত তহবিল যোগানের বিকল্প নেই বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, 'উন্নয়নশীল দেশগুলোর জন্য তহবিলের যোগান ক্রমেই কমে আসছে। কিন্তু বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজন ও সহনশীলতা অর্জনে এ দেশগুলোর জন্য পর্যাপ্ত তহবিল নিশ্চিত করা এখন সময়ের দাবি।' জার্মানির মিউনিখে স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় বার্ষিক আন্তর্জাতিক নিরাপত্তা সম্মেলনের পার্শ্ববৈঠক হিসেবে আয়োজিত 'কারণ ও প্রভাব, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় দ্বিমুখী লড়াই' শীর্ষক ফোরামে মন্ত্রী এ আহ্বান জানান। কার্বন নিঃসরণে নগণ্যতম দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের সর্বোচ্চ হুমকির মুখে থাকা দেশগুলোর অন্যতম উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, 'একই সঙ্গে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশ বিশ্বের কাছে একটি অনন্য উদাহরণ হিসেবেও চিহ্নিত। 'মুজিব ক্লাইমেট প্রোসপারিটি প্ল্যান' এ ক্ষেত্রে একটি শীর্ষ পরিকল্পনা।' ফোরামে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এ ক্ষেত্রে বহুমাত্রিক উদ্যোগের কথা জানান এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতাবৃদ্ধি, দেশের উপকূলীয় এলাকায় লবণাক্ততা বৃদ্ধি, উত্তরাঞ্চলে খরা, দক্ষিণাঞ্চলে ঝড়, জলোচ্ছ্বাস, সারাদেশে বন্যার প্রকোপ মোকাবিলায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড, বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এবং জাতীয় অভিযোজন পরিকল্পনা-সহ বাংলাদেশের নীতি এবং কর্মসূচি তুলে ধরেন পররাষ্ট্রমন্ত্রী। ফোরামে নরওয়ের আন্তর্জাতিক উন্নয়ন মন্ত্রী অ্যান বিথ টিভিনেরিম, পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী জলিল আব্বাস জিলানি, সংযুক্ত আরব আমিরাতের জলবায়ু পরিবর্তন ও পরিবেশমন্ত্রী মরিয়ম বিনতে মোহাম্মদ সাইদ আলমেইরি প্রমুখ প্যানেলিস্টরা বিশ্বব্যাপী সমন্বিত প্রচেষ্টার গুরুত্ব পুনর্ব্যক্ত করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## দেশে বিএনপির চেয়ে বড় উগ্রবাদী কারা : সেতুমন্ত্রী

দেশে বিএনপির চেয়ে বড় উগ্রবাদী কারা, এমন প্রশ্ন রেখেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি শনিবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে বলেন, 'দেশে উগ্রবাদের জন্ম বিএনপির হাত ধরে। আজ মির্জা ফখরুল কেন বলেন না, তাদের কথামতো না চললে দেশে উগ্রবাদ চলবে? সরকার আত্মশক্তিতে বলিয়ান।' ওবায়দুল কাদের বলেন, 'আওয়ামী লীগ বেফাস কথা বলে না; বিএনপিই বলে। বেপরোয়া গাড়ির চালকের মতো বেপরোয়া রাজনীতির চালক মির্জা ফখরুল। রাজনীতিতে বিএনপি দুর্ঘটনা ঘটাতে চায়। অতীতে তাদের এ ইতিহাস আছে। এ দুর্ঘটনার পুনরাবৃত্তি তারা বারে বারে ঘটাতে চায়। এছাড়া রাজনীতিতে টিকে থাকার তাদের আর কোনো রসদ নেই।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'বাংলাদেশের রাজনীতিতে যাদের হাতে রক্তের দাগ, যারা এদেশে হত্যা-ষড়যন্ত্রের রাজনীতি শুরু করেছিল, মানব সভ্যতার ইতিহাসে সবচেয়ে কলঙ্কিত হত্যাকাণ্ড ৭৫ এর ১৫ আগস্ট, যার মাস্টারমাইন্ড ছিল খন্দকার মোস্তাকের সঙ্গে জেনারেল জিয়াউর রহমান। অবাক লাগে, নিজেরাই যেসব অভিযোগে অভিযুক্ত, তাদের উপর আরোপিত অভিযোগ নতুন করে আরোপ করতে চায় আওয়ামী লীগের উপর। ২০04 সালের একুশে আগস্ট সন্ত্রাসী হামলায় ২৩ জনের প্রাণ ঝরে গেছে। এসব হত্যাকাণ্ড বিএনপির আমলে সংঘটিত হয়েছিল। এরপর মির্জা ফখরুল হঠাৎ এক বিবৃতিতে কোথা থেকে পেলেন, আওয়ামী লীগ নাকি হত্যা-ষড়যন্ত্রের রাজনীতি শুরু করেছে। একুশে আগস্ট জজ মিয়া নাটক সাজিয়েছিল তারা। এমন নাটক তারা বারে বারে সাজিয়েছে প্রকৃত ঘটনা আড়াল করার জন্য। নিজেদের কৃতকর্মের দায় অপরের উপর চাপাতে তাদের অপকর্ম এখনো অব্যাহত আছে।' বিএনপির ঘুরে দাঁড়ানো প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, 'বিএনপি কোথায় ঘুরে দাঁড়াবে সেটা আমাদের জানা নেই। এ কথা আগেও শুনেছি। কোন বছর ঘুরে দাঁড়াবে? চৌকস কথার ফুলঝুরি অনেক শুনেছি। সে কথা বারে বারে বলতে গিয়ে বিএনপি নেতারা জনগণের কাছে নিজেদেরই খাটো করছেন। দেশে আন্দোলনের কোনো বস্তুগত ইস্যু নেই। তারা গায়ে পড়ে ইস্যু খুঁজে বেড়ায়।' মিয়ানমার সীমান্তে গোলাগুলি নিয়ে সেতুমন্ত্রী বলেন, 'ওখানে এখন যেটা দরকার তা হলো ইনটেলিজেন্ট ডিপ্লোমেসি। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। সব পক্ষের গতিবিধি লক্ষ্য করে, যুদ্ধ পরিহার করে শান্তির জন্য ইন্টেলিজেন্ট ডিপ্লোমেসি প্রয়োগ করছে বাংলাদেশ।' সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ আল মাহমুদ স্বপন, সুজিত রায় নন্দী, দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া-সহ কেন্দ্রীয় আওয়ামী লীগ ও মহানগর আওয়ামী লীগের নেতারা।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## বিএনপির আন্দোলন জনকল্যাণমূলক হলে স্বাগত জানাব : স্থানীয় সরকারমন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, 'বিএনপির আন্দোলন জনকল্যাণমূলক হলে আমরা স্বাগত জানাব। কিন্তু ধ্বংসাত্মক কিছু হলে তা প্রতিহত করা হবে। বর্তমান সরকার দুষ্টের দমন ও শিষ্টের পালন নীতিতে চলছে। শনিবার, ১৭ই ফেব্রুয়ারি সিলেট নগরীর সাগরদিঘীরপাড় ওয়াকওয়ে পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। পোড়া ইটের পরিবর্তে ব্লক ইট ব্যবহার করতে মন্ত্রী পরিষদ বৈঠকে সম্মিলিত সিদ্ধান্ত নেওয়া হয়েছে জানিয়ে স্থানীয় সরকার মন্ত্রী বলেন, 'এটার জন্য জনবল দরকার এবং মানুষের আগ্রহ দরকার। আমার মন্ত্রণালয় থেকে নতুন করে শিক্ষাপ্রতিষ্ঠান-সহ বিভিন্ন প্রতষ্ঠানে ভবন নির্মাণ করা হচ্ছে। সেখানে ব্লক ইট ব্যবহার করা হচ্ছে। কোথাও কোথাও ব্লক ইট ব্যবহারে বাধ্যবাধকতা করা হচ্ছে। তবে প্রথমদিকে পুরোপুরি পরিবর্তন করা সম্ভব হবে না। সময় লাগবে।' মন্ত্রী বলেন, 'বলা হয়েছে উন্নয়ন চলবে এবং যখন যখন যেখানে যেখানে দুর্নীতি চিহ্নিত করা হবে সেখানে প্রতিহত করা হবে, তা চলছেও। এটাকে অনেক ভিন্নভাবে উপস্থাপন করেছেন।' মন্ত্রী তাজুল ইসলাম বলেন, 'সিলেটে সিটির বর্ধিত এলাকার জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সিলেটের উন্নয়নে এমন অনেক প্রকল্প চলমান। যা অন্যান্য সিটিকে দেওয়া হয়নি। সুতরাং উন্নয়নে সিলেট পিছিয়ে এটা বলা যাবে না।' স্থানীয় সরকার মন্ত্রী আরো বলেন, 'পদ পদবী অনেকে পায়, কিন্তু গণমানুষের অঙ্গীকার নিয়ে কাজ করার মানুষ প্রত্যাশার চেয়ে অনেক কম। সিলেটের উন্নয়নে মেয়র হিসেবে প্রধানমন্ত্রী যাকে খুঁজে বের করেছেন তাঁর মতো মানুষ পাওয়া দুষ্কর। সে হিসেবে সিলেটবাসী অনেক ভাগ্যবান।' এসময় উপস্থিত ছিলেন সিলেট-১ আসনের সংসদ সদস্য সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আনোয়ারুজ্জামান চৌধুরী, সিলেটের জেলা প্রশাসক শেখ রাসেল হাসান-সহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা। এর আগে একদিনের সরকারি সফরে শনিবার সকাল সাড়ে ৮টায় বিমানযোগে সিলেট পৌঁছান মন্ত্রী। পরে সকাল ১০টায় তিনি নগরীর সাগরদিঘীরপাড় এলাকায় সিটি কর্পোরেশনের নির্মিত ওয়াকওয়ে পরিদর্শন করেন। সেখান থেকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে সিটি কর্পোরেশনের নির্মিত ডুপ্লেক্স অক্সিজেন জেনারেটর প্লান্ট উদ্বোধন করেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## আধুনিক প্রযুক্তিতে অপরাধীদের বহুমাত্রিকতা সংযোজিত হয়েছে : আইজিপি

পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেছেন, 'আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং বৈশ্বিক পরিবর্তিত সমাজ ব্যবস্থায় অপরাধ ও অপরাধীদের কার্যক্রমে বহুমাত্রিকতা সংযোজিত হয়েছে।' শনিবার, ১৭ই ফেব্রুয়ারি বাংলাদেশে পুলিশ স্টাফ কলেজে 'মাস্টার অব অ্যাপলাইড ক্রিমিনোলজি এ্যান্ড পুলিশ ম্যানেজমেন্ট' শীর্ষক মাস্টার্স প্রোগ্রামের অষ্টম ব্যাচের উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। আইজিপি বলেন, 'মাঠ পর্যায়ে যেসব অপরাধ সংঘটিত হতো এখন সেটি ছাড়াও তথ্য-প্রযুক্তি ও যোগাযোগের কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় প্রচলিত অপরাধের ধরন যেমন পরিবর্তিত হয়েছে তেমনি ডিজিটালাইজড পদ্ধতির অপরাধ সংযোজিত হয়েছে। বাংলাদেশ পুলিশ উচ্চতর শিক্ষা ও প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে সেসব অপরাধ মোকাবিলায় নিরলস কাজ করে যাচ্ছে।' পুলিশ প্রধান আরো বলেন, 'বৈশ্বিক অপরাধের প্রভাবে বাংলাদেশেও সন্ত্রাস, জঙ্গিবাদ ও উগ্রবাদের মতো অপরাধ যুক্ত হয়েছে। বাংলাদেশ পুলিশ সফলতার সঙ্গে এ ধরনের দেশীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বহুমাত্রিক অপরাধ মোকাবিলায় শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম চালিয়ে যাচ্ছে।' আইজিপি বিশেষভাবে উল্লেখ করেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক ইচ্ছার ফলে ২০০০ সালে বাংলাদেশ পুলিশ স্টাফ কলেজের যাত্রা শুরু করে প্রশিক্ষণ ও গবেষণা বিষয়ে বিশেষ অবদান রেখে চলেছে। কোর্স উদ্‌বোধনের আগে তিনি পুলিশ স্টাফ কলেজের নবনির্মিত সাইবার ল্যাবের উদ্‌বোধন করেন এবং পরে আন্তর্জাতিক পুলিশ গবেষণা ও উদ্ভাবন কেন্দ্র পরিদর্শন করেন। উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে সার্বিক সহায়তার আশ্বাস প্রদান করেন আইজিপি। সভাপতির বক্তব্যে পুলিশ স্টাফ কলেজের রেক্টর ড. মল্লিক ফখরুল ইসলাম বলেন, 'শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬ হতে 'মাস্টার অব অ্যাপলাইড ক্রিমিনোলজি এ্যান্ড পলিশ ম্যানেজমেন্ট' শীর্ষক এক বছর মেয়াদি মাস্টার্স প্রোগ্রাম জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বাংলাদেশ পুলিশ স্টাফ কলেজে পরিচালিত হচ্ছে। প্রফেশনাল এ মাস্টার্স প্রোগ্রামে পুলিশ অফিসার ছাড়াও অন্যান্য পেশায় নিয়োজিত শিক্ষার্থীদের ভর্তির সুযোগ রয়েছে। অষ্টম ব্যাচে পুলিশ সদস্য ছাড়াও সামরিক ও বেসামরিক বিভাগের কর্মকর্তা, আইনজীবী, শিক্ষক, উন্নয়নকর্মী প্রমুখ ভর্তি হয়েছেন।' এ কোর্সের মাধ্যমে অপরাধ বিষয়ক পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে স্মার্ট বাংলাদেশে স্মার্ট পুলিশিংয়ের ভিত্তি সুদৃঢ় করতে সহায়তা করবে বলে তিনি আশা প্রকাশ করেন। রেক্টর ড. মল্লিক ফখরুল ইসলাম আইজিপিকে তার আন্তরিক সহযোগিতার জন্য বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি-সহ আগত অতিথিদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, মাস্টার্স প্রোগ্রামের শিক্ষার্থী কর্মকর্তা-সহ অন্যরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## দেশ বিক্রির চুক্তি করিনি, সামনেও করব না : নৌ প্রতিমন্ত্রী

নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, 'দেশ বিক্রির চুক্তি করিনি, সামনেও করব না।' শনিবার, ১৭ই ফেব্রুয়ারি দুপুরে চট্টগ্রাম বন্দরের ৪ নম্বর গেটে বসানো স্ক্যানার উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বন্দর চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল মোহাম্মদ সোহায়েলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নৌ পরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৯ সালে সব বন্দরে স্ক্যানার বসানোর জন্য এনবিআর চেয়ারম্যানকে নির্দেশ দিয়েছিলেন। এখন অনেক স্ক্যানার বসানো হয়েছে। বন্দর কর্তৃপক্ষের সঙ্গে কাস্টমসের বোঝাপড়ার অভাব ছিল। কয়েক বছরের অনেক সমস্যা গত তিন চার বছরেই সমাধান হয়েছে।' এটা বড় প্রাপ্তি বলে মন্তব্য করেন মন্ত্রী। প্রতিমন্ত্রী বলেন, 'মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দরের কাজ এগিয়ে যাচ্ছে। এটি হয়ে গেলে মেরিটাইম সেক্টরে আমরা অন্যরকম উচ্চতায় চলে যাব। বে-টার্মিনালে ১২ মিটার ড্রাফটের জাহাজ আসবে। এতে ব্যস্ততা বেড়ে যাবে। যার জন্য অবকাঠামো তৈরি প্রয়োজন। প্রধানমন্ত্রী পায়রা বন্দর করেছেন, গভীর সমুদ্রবন্দর করেছেন। ডেনমার্ক পায়রা বন্দরে বিনিয়োগ করার ক্ষেত্রে আগ্রহ দেখিয়েছে। সৌদি আরবও বিনিয়োগ করতে চায়। বিদেশিরা এখন বাংলাদেশে বিনিয়োগ নিরাপদ বলে মনে করেন।' বন্দর চেয়ারম্যান বলেন, 'বিশ্বের ১০০ শীর্ষ বন্দরে চট্টগ্রাম বন্দর ৬৭তম। প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা ও নৌ-পরিবহন প্রতিমন্ত্রীর নেতৃত্বে বন্দর এগিয়ে চলছে। বন্দরের পিসিটিতে সৌদিভিত্তিক রেড সি গেটওয়ের সঙ্গে চুক্তি হয়েছে। বে টার্মিনালের কাজ দ্রুত এগিয়ে চলছে। প্রথমবারের মতো আধুনিক স্ক্যানার স্থাপন করেছি। স্ক্যানার দুইটি কাস্টম হাউজ অপারেট করবে। এর ফলে দ্রুততম রফতানি কনটেইনার জাহাজীকরণ সম্ভব হবে। বন্দরের নিরাপত্তা ও ভাবমূর্তি বাড়বে।' প্রকল্প পরিচালক সূত্রে জানা গেছে, বন্দরের নিজস্ব অর্থায়নে ৮৫ কোটি ৮৯ লাখ টাকায় সংগৃহীত এফএস৬০০০ মডেলের রেডিও একটিভ পোর্টাল মনিটর সমৃদ্ধ এ স্ক্যানার ঘণ্টায় ১৫০টি কনটেইনার স্ক্যান করতে পারে। ইস্পাতে এক্সরে অনুপ্রবেশ ক্ষমতা ৩৩০ মিলিমিটার। ডুয়েল এনার্জির এ স্ক্যানার বোথওয়ে স্ক্যানে সক্ষম। উচ্চতর স্ক্যানিংয়েও এক্সরে চিত্র অবিকৃত থাকে। জৈব, অজৈব ও মধ্যবর্তী উপাদান নির্দিষ্ট রঙে চিহ্নিত করে। ফলে আইজিএম বহির্ভূত পণ্য শনাক্ত করা যাবে। ট্রেইলার চালক সরাসরি স্ক্যানিং টানেলের মধ্য দিয়ে গাড়ি চালাতে পারে এবং স্বয়ংক্রিয়ভাবে কনটেইনার স্ক্যান হয়ে যায়। কনটেইনার নাম্বারও স্বয়ংক্রিয়ভাবে শনাক্ত হয় স্ক্যানারে। স্থাপন করা হয়েছে ৪টি ইমেজ মনিটরিং সেন্টার ও রিয়েল টাইম সিসিটিভি সিস্টেম। ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি এ প্রকল্পের ডিপিপি অনুমোদন হয়। ২০২২ সালের ২৯ নভেম্বর মন্ত্রণালয় দরপত্র অনুমোদন দেয়। ১২ ডিসেম্বর সর্বনিম্ন দরদাতা হিসেবে ফাইভ আর অ্যাসোসিয়েটকে কার্যাদেশ দেওয়া হয়। ২০২৩ সালের ৫ জানুয়ারি চুক্তি সম্পাদন এবং ২৭ ডিসেম্বর প্রকল্পের কাজ শেষ হয়। আইএসপিএসের আলোকে বন্দরের সব রফতানি গেটে কনটেইনার স্ক্যানার নিশ্চিত করা যাবে বলে জানিয়েছে বন্দর কর্তৃপক্ষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নেভির এরিয়া কমান্ডার রিয়ার অ্যাডমিরাল আজিম, চট্টগ্রাম কাস্টমস কমিশনার ফাইজুর রহমান, জেলা পরিষদ চেয়ারম্যান এটিএম পেয়ারুল ইসলাম, মেট্রোপলিটন চেম্বার সভাপতি খলিলুর রহমান, বন্দর সচিব মোঃ ওমর ফারুক। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

## বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ১ দশমিক ৫ ডিগ্রিতে সীমাবদ্ধ রাখতে হবে : পরিবেশমন্ত্রী

মানুষের অস্তিত্ব সুরক্ষায় বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসে সীমাবদ্ধ রাখতে জরুরি পদক্ষেপ নিতে হবে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। তিনি বলেন, 'যদি ২০২৫ সালের মধ্যে নিঃসরণ শীর্ষে পৌঁছায় ২০৩০ সালের মধ্যে অর্ধেক হয়ে যায় এবং ২০৫০ সালের মধ্যে আমরা নেট জিরো অর্জন করতে পারি তাহলে জলবায়ু পরিবর্তনের সবচেয়ে খারাপ প্রভাব এখনো এড়ানো যাবে এবং আমরা তাপমাত্রা বৃদ্ধি ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসে সীমাবদ্ধ করতে পারব।' তিনি বলেন, 'তবে এর জন্য দৃঢ় আকাঙ্ক্ষা এবং রাজনৈতিক সদিচ্ছার প্রয়োজন।' শনিবার, ১৭ই ফেব্রুয়ারি জার্মানির মিউনিখে অনুষ্ঠিত আন্তর্জাতিক নিরাপত্তা সম্মেলনে ‘দ্যা আনঅ্যাভয়েডবল মাস্টার রিস্ক, অ্যাড্রেসিং ক্লাইমেট ওভারস্যুট’ শীর্ষক একটি প্যানেল আলোচনায় এ কথা বলেন তিনি। পরিবেশমন্ত্রী বলেন, অতিক্রমণ এবং ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যাওয়ার পথে এরই মধ্যে যে বিপর্যয়কর বাস্তবতা চলছে তা আরো খারাপ করে তুলবে এবং আইপিসিসি স্পষ্টভাবে বলেছে যে অনেক ক্ষেত্রে টেকসই উন্নয়ন সম্ভব হবে না।' সাবের হোসেন চৌধুরী বলেন, 'জলবায়ু পরিবর্তন বিদ্যমান সামাজিক, অর্থনৈতিক ও ভূ-রাজনৈতিক ঝুঁকি বাড়িয়ে তুলছে যা জাতীয় শান্তি ও স্থিতিশীলতাকে বিপন্ন করছে।' তিনি বাংলাদেশের জন্য প্রধান হুমকি হিসেবে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং দেশের উত্তর-পশ্চিমাঞ্চলীয় অঞ্চলে খরা বৃদ্ধির দিকে ইঙ্গিত করেন। তিনি বলেন, 'উন্নত দেশগুলোকে জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নিতে এবং স্থিতিস্থাপকতা তৈরিতে সহায়তা করার জন্য পর্যাপ্ত আর্থিক সহায়তা দিতে হবে। আমাদের কার্বন ডাই-অক্সাইড অপসারণ এবং সৌর বিকিরণ পরিবর্তনের মতো অ-পরীক্ষিত প্রযুক্তির দিকে তাড়াহুড়ো করা উচিত নয় এবং এর পরিবর্তে আমাদের প্রশমন, প্রকৃতি ভিত্তিক সমাধান, বনায়ন ইত্যাদি কাজের ওপর গুরুত্বারোপ করা উচিত।' প্যানেল আলোচনায় কোস্টারিকার সাবেক রাষ্ট্রপতি এবং জলবায়ু ওভারস্যুট কমিশনের কমিশনার, কার্লোস আলভারাডো কুয়েসাদা, পাকিস্তানের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিনা

রব্বানি খার এবং ইউরোপীয় সবুজ চুক্তির জন্য ইউরোপীয় কমিশনের নির্বাহী ভাইস-প্রেসিডেন্ট মারোস শেফকোভিচ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

**টিকিট কালোবাজারিদের কঠোর হস্তে দমন করা হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম বলেছেন, 'টিকিট কালোবাজারি বন্ধ করা হবে। টিকিট কালোবাজারির সঙ্গে সংশ্লিষ্ট কিছু লোক ধরা পড়েছে। তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করে শাস্তির আওতায় আনা হবে। টিকিট কালোবাজারিদের কঠোর হস্তে দমন করা হবে।' শনিবার, ১৭ই ফেব্রুয়ারি সৈয়দপুর, লালমনিরহাটে কোচ এবং ওয়াগন মেরামত কারখানা এবং দিনাজপুর রেলওয়ে কারখানা পরিদর্শনের সময় সাংবাদিকদের সঙ্গে পৃথকভাবে মত বিনিময়কালে এসব কথা বলেন মন্ত্রী। রেলমন্ত্রী বলেন, 'রেলওয়ে কারখানায় উৎপাদন বাড়াতে সংশ্লিষ্ট সব কর্মকর্তা-কর্মচারীদের মানসিকতার পরিবর্তন করতে হবে। মনোযোগ দিয়ে সবাই মিলে কাজ করলে রেলের উৎপাদন আরো বৃদ্ধি পাবে, রেল সেক্টরের আরো উন্নয়ন হবে।' মন্ত্রী আরো বলেন, 'প্রধানমন্ত্রী চান জনবান্ধব এ পরিবহনের যথাযথ উন্নয়ন হোক এবং জনগণ স্বল্প খরচে যাতায়াত এবং মালামাল পরিবহনের সুযোগ পাক। আমরা সবাই কাজ করে রেলকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। কারখানা পরিদর্শন করে যা দেখা গেলো তাতে মনে হয় আমাদের রেলের উন্নয়নের যথেষ্ট সক্ষমতা রয়েছে।' তিনি বলেন, 'বিএনপির আমলে গোল্ডেন হ্যান্ডশেকের মাধ্যমে আমাদের রেলের দক্ষ জনবল ছাঁটাই করা হয় যার কারণে দক্ষ জনবল সংকট। আমাদের জনবলের ঘাটতি রয়েছে। যার কারণে উৎপাদন কম হয়। আমরা জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করেছি। জনবল নিয়োগ সম্পন্ন হলে তাদের প্রশিক্ষণ দিয়ে দক্ষতা বৃদ্ধি করে পদায়ন করা হবে। তখন আশা করি এসব কারখানা থেকে উৎপাদন বাড়বে এবং রেলওয়ের আরো উন্নয়ন হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

**আইটি খাতে বিলিয়ন ডলারের বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্য সরকারের : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, 'টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় যেসব সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান রয়েছে, সেসব প্রতিষ্ঠানে সরাসরি এক বিলিয়ন ডলারের বেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ করতে চায় সরকার।' এসব বিনিয়োগের বড় অংশ চট্টগ্রামের প্রতিষ্ঠানগুলো পাবে বলেও আশাবাদ ব্যক্ত করেন প্রতিমন্ত্রী। শনিবার, ১৭ ফেব্রুয়ারি চট্টগ্রামে পঞ্চম চট্টগ্রাম আইটি ফেয়ার-২০২৪-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'বর্তমানে আমাদের আইসিটি খাত থেকে ১ দশমিক ৯ বিলিয়ন ডলার রফতানি আয় হচ্ছে এবং ২০ লাখ তরুণ-তরুণীর কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। এ খাতে আগামী পাঁচ বছরে ৫ বিলিয়ন ডলার রফতানি আয় এবং আরো নতুন ১০ লাখ কর্মসংস্থান সৃষ্টি হবে।' চট্টগ্রাম ভবিষ্যৎ বাংলাদেশের সিলিকন সিটি উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা এরই মধ্যে চট্টগ্রামে তিনটি উপহার দিয়েছেন । প্রথমত, ১০০ কোটি টাকা ব্যয়ে চুয়েটে 'শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর' সেন্টার নির্মাণ করা হয়েছে। যেখানে ১০টি বিনিয়োগকারী প্রতিষ্ঠান ও ২৫টি স্টার্ট আপ কোম্পানিকে ফ্রি স্পেস দেওয়া হয়েছে। দ্বিতীয়ত, চাঁন্দগাওয়ে শেখ কামাল আইটি ট্রেনিং এ্যান্ড ইনকিউবেশন সেন্টার ও তৃতীয়ত, চান্দগাঁওয়ে নলেজ পার্ক।' এসময় তিনি ঘোষণা করেন চাঁন্দগাওয়ে শেখ কামাল আইটি ট্রেনি এ্যান্ড ইনকিউবেশন সেন্টারের ৫০০০ স্কয়ার ফিট জায়গা স্টার্ট-আপদের জন্য দি চিটাগাং চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিকে দেওয়ার ঘোষণা দেন। তিনি বলেন, 'যেসব স্টার্ট-আপ জায়গা বরাদ্দ পাবে, তারা প্রথম ৬ মাস ফ্রিতে কাজ করার সুযোগ পাবে। পরবর্তী সময়ে পারফরমেন্স মনিটরিং কমিটির মাধ্যমে যাচাইপূর্বক আরো ৬ মাস ফ্রিতে কার্যক্রম পরিচালনা করতে পারবেন।' প্রতিমন্ত্রী বলেন, 'প্রয়োজনে স্টার্ট আপ বাংলাদেশ কোম্পানি লিমিটেডেরে পক্ষ থেকে ৫ লাখ থেকে ৫ কোটি পর্যন্ত ইকুইটি ইনভেস্টমেন্টের সুযোগ থাকবে। এর সবকিছুই নির্ভর করছে রাইট সিলেকশন, রাইট মনিটরিং, রাইট সুপারভিশন ও ইনকিউবেশনের ওপর।' প্রতিমন্ত্রী বলেন, 'চট্টগ্রাম থেকে কোনো মেধাবী, উদ্ভাবনী তরুণ-তরুণী যদি উদ্যোক্তা হতে চায়, তাদের যত ধরনের সুযোগ লাগবে সেটা সরকার, একাডেমিক ও ইন্ডাস্ট্রি একসাথে মিলে তৈরি করবে।' তিনি বলেন, ইপিজেড, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, হাই-টেক পার্কে যদি কোনো ফ্রিল্যান্সার উদ্যোক্তা হতে পারে তাহলে তারা অন্যদেরও কর্মসংস্থানের সুযোগ করে দিতে পারবে। দি চিটাগাং চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি ওমর হাজ্জাজ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোসাইটি অব চিটাগাং আইটি প্রফেশনালসের সভাপতি মোঃ আব্দুল্লাহ ফরিদ। (জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

**করোনায় একজনের মৃত্যু, নতুন শনাক্ত ৪৮**

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে শনাক্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৪৮ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এসময়ে করোনায় একজনের মৃত্যুর তথ্য জানা গেছে। এ নিয়ে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৮৬ জনে। আর শনাক্ত বেড়ে হয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৮৪৪ জন। শনিবার, ১৭ ফেব্রুয়ারি স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৬৪২টি নমুনা পরীক্ষায় ৪৮ জনের

করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৪৬ জনই ঢাকার রোগী। বাকি দুইজন চট্টগ্রামের বাসিন্দা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৭ দশমিক ৪৮ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ২৩ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৫ হাজার চার জনে। মোট সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৭.০২.২০২৪ প্রতীক)

# BBC

**UKRAINE TROOPS PULL OUT OF KEY EASTERN TOWN AVDIIVKA**

Ukraine says its troops have withdrawn from Avdiivka - a key eastern town besieged by Russian forces for months. The decision was taken in order to save the soldiers lives, said President Volodymyr Zelensky. Almost all of Avdiivka's pre-war population of more than 30,000 people have left and the city itself is almost completely destroyed. Its fall marks Russia's biggest win for months and Mr Zelensky blamed faltering Western weapons supplies. Ukraine has been experiencing shortages in ammunition, mainly as a result of political squabbling in the US, its main supplier.
(BBC Web Page: 17/02/24, FARUK)

**SATELLITE IMAGES SHOW CONSTRUCTION ON EGYPT-GAZA**

Satellite images appear to show extensive construction work in progress along Egypt's border with Gaza, which reports claim is being carried out in preparation for housing Palestinian refugees. Unnamed Egyptian sources reportedly said the work is being done in order to set up an isolated buffer zone containing a walled enclosure in Egypt's North Sinai province in case Israel goes ahead with its planned ground offensive in Gaza's southernmost city, Rafah. According to a report published by a human rights group, seven-metre-high walls are being constructed in the zone. Egypt has publicly denied making any such predations.
(BBC Web Page: 17/02/24, FARUK)

**SENEGAL LEADER VOWS POLL SOON AFTER COURT BLOW**

Senegal's president says the delayed election to choose his successor will be held as soon as possible, after the top court ruled that his attempt to delay it was unconstitutional. President Macky Sall has served two terms in office. On Thursday, the Constitutional Council annulled President Sall's decree moving the vote to December. It also voided the contentious bill passed by parliament which had backed the president's decree. The move will go some way to restoring Senegal's reputation as a bastion of democracy in West Africa.
(BBC Web Page: 17/02/24, FARUK)

**ZELENSKY WARNS OF ARTIFICIAL DEFICIT OF WEAPONS**

Ukraine's President Volodymyr Zelensky has made an urgent appeal for more weapons to avoid a catastrophic situation in Europe. An artificial deficit of weapons will only help Russia, Mr Zelensky told an international conference in Germany. Ukrainian troops have been running out of ammunition as vital US support has been held up by supporters of former President Donald Trump in Congress. Mr Zelensky said he was prepared to tour the front lines with Mr Trump.
(BBC Web Page: 17/02/24, FARUK)

**ORBAN SET TO ADDRESS HUNGARY CHILD-ABUSE SCANDAL**

Hungary's Prime Minister Viktor Orban is set to address a child sexual abuse scandal that has shocked the nation. Mass protests were sparked after it was revealed that a former official, convicted of covering up sexual crimes at a state-run children's home, had been granted clemency. Thousands packed the historic Heroes Square in Budapest on Friday, in solidarity with abuse victims. There have been several resignations over the controversial pardon. President Katalin Novak, who

granted the pardon, and two senior figures in Mr Orban's ruling Fidesz party stepped down last week. (BBC Web Page: 17/02/24, FARUK)

**BIDEN CONDEMNS HOUSE RECESS WITHOUT NEW UKRAINE AID**

President Joe Biden has said the US House's decision to call a two-week recess without passing fresh aid for Ukraine is bizarre and outrageous. On Tuesday, the Senate approved funding worth $95bn for Ukraine, Israel and Taiwan in a bipartisan vote. House Speaker Mike Johnson, a Republican, has said that the lower chamber would not vote on it without additional funding for border security. Mr Biden said failing to pass new aid could undermine America's reputation.
(BBC Web Page: 17/02/24, FARUK)

**HOUTHIS FIRE MISSILES AT BRITISH OIL TANKER BOUND FOR INDIA**

Yemen's Iran-aligned Houthi group has claimed a new missile attack on Western interests amid Israel's war on Gaza, this time on a British oil tanker that the United States identified as a Panamanian-flagged vessel carrying crude oil bound for India. Yahya Saree, the group's military spokesperson, said in a televised statement on Saturday that a large number of appropriate naval missiles were used to target the Pollux tanker in the Red Sea in accurate and direct hits. The Yemeni armed forces will not hesitate to implement and expand their military operations in defence of beloved Yemen and in confirmation of continued practical solidarity with the Palestinian people, he said. (BBC Web Page: 17/02/24, FARUK)

**US TO SEND WEAPONS TO ISRAEL AMID INVASION THREAT IN RAFAH**

The United States is preparing to send more bombs and other weapons to Israel even as it pushes for a ceasefire in the war on Gaza and has said it opposes Tel Aviv's plans for a ground invasion in southern Rafah where more than half the enclave's displaced population is trapped. The proposed arms delivery includes about a thousand each of MK-82 500-pound bombs and KMU-572 Joint Direct Attack Munitions that turn unguided munitions into precision-guided bombs, The Wall Street Journal reported on Friday Friday, citing unnamed US officials. (BBC Web Page: 17/02/24, FARUK)

**JAPAN SUCCESSFULLY LAUNCHES H3 ROCKET**

Japan has successfully launched its next-generation rocket into orbit, the country's space agency has announced, after two failed attempts cast a pall over Tokyo's space ambitions. The H3 had a successful lift-off at 09:22am Tokyo time on Saturday and entered its planned orbit carrying a dummy satellite and two functioning microsatellites, the Japan Aerospace Exploration Agency (JAXA) said in a live broadcast. Employees at the JAXA command centre cheered and hugged each other during the broadcast as the rocket reached its trajectory and released its first payload. (BBC Web Page: 17/02/24)

**::THE END::**